- ডায়াগ্রাম, চার্ট, গ্রাফ, সারণি সঠিকভাবে অঙ্কন করা হয়েছে কিনা এবং এগুলোর আলোকে তৈরি প্রশ্নের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা পরীক্ষা করা।
- প্রশ্নপত্রের সার্বিক ভারসাম্য উপযুক্ত ও সঠিকভাবে বিন্যস্ত কি না, অন্যান্য প্রশ্নের সাথে প্রাবরণ (Overlap) করেছে কি না অথবা বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নের মধ্যে প্রাবরণ (Overlap) হচ্ছে কি না তা পরীক্ষা করে দেখা।

#### প্রশিক্ষণ কার্যক্রম

##### কাজ-১: বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধনের ধারণা ও গুরুত্ব (২০ মিনিট)

###### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- বহুনির্বাচনি প্রশ্ন পরিশোধনের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্র নীরব পাঠ করতে বলবেন/স্লাইড প্রদর্শন করবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে বহুনির্বাচনি প্রশ্ন পরিশোধন সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন।

##### কাজ-২: একসেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (৩৫৫ মিনিট)

###### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বন্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে প্রাপ্ত প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছক পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছকের কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যেকোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

তৃতীয় দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষার্থীকে তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে ১টি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করে প্রতিটি অংশের উত্তর লিখে নিয়ে আসতে বলবেন।

**চতুর্থ দিবস: অধিবেশন ১ ও ২**  
(০৯:০০-০১:০০)

প্রশিক্ষণের বিষয়	: সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য
শিখনফল	: এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- <ul style="list-style-type: none"><li>● সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন;</li><li>● গঠন কাঠামো অনুসরণ করে সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন;</li></ul>

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।  
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

**সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য**

একটি সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপক এবং উদ্দীপক সংশ্লিষ্ট চারটি প্রশ্ন থাকে। প্রশ্ন চারটি কাঠিন্যের ক্রমানুসারে পর্যায়ক্রমে থাকে। একটি সৃজনশীল প্রশ্ন চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর যাচাই করতে পারে। প্রতিটি সৃজনশীল প্রশ্নের জন্য ১০ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের প্রথম অংশটি (ক) জ্ঞান স্তরের যা সহজ ও নিতান্তই স্মৃতিনির্ভর। প্রশ্নটি স্মৃতিনির্ভর হলেও তা যেন অর্থবহ এবং শিক্ষণীয় হয়। এ অংশটির জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের দ্বিতীয় অংশ (খ) হলো অনুধাবন স্তরের প্রশ্ন। এর মাধ্যমে শিক্ষাক্রমের আওতায় পাঠ্যবইয়ের বিষয়বস্তু অনুধাবন করার ক্ষমতা যাচাই করা হয়। পাঠ্যবইয়ে বিভিন্ন ঘটনা বা বিষয়বস্তুর বিবরণ দেওয়া থাকে। এ ধরনের প্রশ্নে সরাসরি পাঠ্যবইয়ের অনুরূপ বিবরণ জানতে চাওয়া হয় না। এক্ষেত্রে শিক্ষার্থীকে বিষয়বস্তু সম্পর্কে ব্যাখ্যা বা বর্ণনা দিতে বলা হয়। প্রশ্নের এ অংশের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের তৃতীয় অংশটি (গ) হলো প্রয়োগ স্তরের প্রশ্ন। সৃজনশীল প্রশ্নের এ অংশটি ভালোমানের নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপকের উপর নির্ভরশীল। অর্থাৎ উদ্দীপক যদি খুব মানসম্পন্ন হয় তবে প্রয়োগ দক্ষতার প্রশ্নটি প্রণয়ন করা সম্ভব। এ প্রশ্নের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে। পাঠ্যবইয়ের তথ্য এবং এর অনুধাবন উদ্দীপকে বর্ণিত নতুন পরিস্থিতিতে শিক্ষার্থী প্রয়োগ করবে। পাঠ্যবইয়ের বিষয়বস্তু শিক্ষার্থী ভালোভাবে পড়লে সে বিষয়ে তার স্পষ্ট ধারণা হবে এবং সেটা নতুন ক্ষেত্রে শিক্ষার্থীর প্রয়োগ করার ক্ষমতাই প্রয়োগ দক্ষতা। প্রশ্নের এ অংশের জন্য ৩ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের চতুর্থ অংশটি (ঘ) হচ্ছে উচ্চতর দক্ষতার প্রশ্ন। এ স্তরের প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীর বিচার-বিবেচনা করার দক্ষতা, কোনো বিষয় বা ঘটনা বিশ্লেষণ করার দক্ষতা, সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা ইত্যাদি যাচাই করা হয়। এ প্রশ্নের উত্তর করার জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে এবং সংশ্লিষ্ট তথ্য নতুন পরিস্থিতিতে ব্যবহার করে শিক্ষার্থী তার বিচার-বিশ্লেষণের, সিদ্ধান্ত গ্রহণের ও মূল্যায়নের দক্ষতা প্রকাশের সুযোগ পাবে। প্রশ্নের চতুর্থ অংশটির জন্য ৪ নম্বর বরাদ্দ থাকবে। **[পরিশিষ্ট 'ট']:** সৃজনশীল প্রশ্নের নমুনা]

পরীক্ষা অধিক অর্থবহ এবং শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রাখার ক্ষেত্রে সৃজনশীল প্রশ্নে উদ্দীপক বা নতুন পরিস্থিতি অপরিহার্য।

- একটি সৃজনশীল প্রশ্নের ক, খ, গ ও ঘ অংশ উদ্দীপকের সাথে সম্পর্কিত হতে হবে। উদ্দীপকের সাথে 'গ' ও 'ঘ' অংশের সম্পর্ক হবে প্রত্যক্ষ বা নির্ভরশীল। অর্থাৎ উদ্দীপকের তথ্য বিবেচনায় না এনে কোনোভাবেই 'গ' ও 'ঘ' অংশের উত্তর লেখা সম্ভব হবে না। উদ্দীপকের সাথে 'ক' ও 'খ' অংশের একটি পরোক্ষ যোগসূত্র থাকবে। 'ক' ও 'খ' অংশের উত্তর লিখার জন্য উদ্দীপকের তথ্য বিবেচনায় নেওয়ার প্রয়োজন হবে না। কিন্তু যে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর উপর ভিত্তি করে উদ্দীপক তৈরি করা হয় সে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর আলোকেই 'ক' ও 'খ' অংশের প্রশ্নসমূহ প্রণয়ন করতে হবে। এটিই উদ্দীপকের সাথে 'ক' ও 'খ' অংশের পরোক্ষ যোগসূত্র;

- একটি সৃজনশীল প্রশ্নের ‘ক’, ‘খ’, ‘গ’ ও ‘ঘ’ অংশের প্রশ্নের সাধারণ বা বিভাজিত শিখনফল/বিষয়বস্তু অবশ্যই ভিন্ন হতে হবে। কোনোভাবেই বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি (Repetition) বা প্রাবরণ(Overlapping) থাকবে না। এজন্য প্রশ্ন তৈরির শুরুতেই ‘ক’, ‘খ’, ‘গ’, ও ‘ঘ’ অংশের জন্য ভিন্ন ভিন্ন শিখনফল/বিষয়বস্তু নির্ধারণ করে নিতে হবে;
- জীবনঘনিষ্ঠ তথ্যের আলোকে উদ্দীপকটি এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে ‘গ’ অংশের উত্তরে পরীক্ষার্থী পাঠ্যবইয়ের কোনো একটি সুনির্দিষ্ট তত্ত্ব, তথ্য, ধারণা, নিয়ম-নীতি ইত্যাদি প্রয়োগ করার সুযোগ পায় এবং ‘ঘ’ অংশের উত্তরে পাঠ্যবইয়ের একাধিক তত্ত্ব, তথ্য, ধারণা, নিয়ম-নীতি ইত্যাদির সমন্বয়ে বিশ্লেষণ, সংশ্লেষণ বা মূল্যায়ন করে উচ্চতর দক্ষতা প্রদর্শনের সুযোগ পায়;
- উদ্দীপকে তথ্যের বহুমুখিতা থাকতে হবে। অর্থাৎ একাধিক সাধারণ বা বিভাজিত শিখনফল/বিষয়বস্তুর (কমপক্ষে তিনটি) আলোকে উদ্দীপকটি তৈরি করতে হবে। কারণ তথ্যের বহুমুখিতা না থাকলে প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরে পুনরাবৃত্তি ঘটে।
- উদ্দীপকে ‘গ’ ও ‘ঘ’ অংশের উত্তর সরাসরি থাকবে না আবার উদ্দীপকের তথ্য বিবেচনায় না নিয়ে ‘গ’ ও ‘ঘ’ অংশের উত্তর লেখাও সম্ভব হবে না। পরীক্ষার্থী পাঠ্যপুস্তক থেকে অর্জিত জ্ঞান উদ্দীপকে প্রয়োগ করবে বা বিশ্লেষণ, সংশ্লেষণ ও মূল্যায়ন করবে।

[উদ্দীপক তৈরির কৌশল সম্পর্কিত বিস্তারিত আলোচনা প্রথম দিবসের অধিবেশন ৩ ও ৪ এর বিষয়বস্তু দ্রষ্টব্য।]

### প্রশিক্ষণ কার্যক্রম

#### কাজ-১: সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য আলোচনা (৩০ মিনিট)

##### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য সম্পর্কিত তথ্যপত্র নীরব পাঠ করতে বলবেন/স্লাইড প্রদর্শন করবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও বৈশিষ্ট্য সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন;

#### কাজ-২: গঠন কাঠামো ও বৈশিষ্ট্য অনুসারে সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও উপস্থাপন (১৮০ মিনিট)

##### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- বাড়ির কাজে প্রণীত সৃজনশীল প্রশ্নটি কাজ-১ এর ধারণার আলোকে এককভাবে সংশোধন করতে বলবেন;
- সংশোধিত সৃজনশীল প্রশ্নসমূহ নিয়ে দলে আলোচনা করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে ১টি সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে পোষ্টার/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- প্রতিটি দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপিত কাজের উপর অন্য প্রশিক্ষার্থীগণকে মতামত দিতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিশোধন করে দিবেন;
- উপস্থাপনার ধারণার আলোকে দলের অবশিষ্ট প্রশ্নসমূহ ঐকমত্যের ভিত্তিতে পরিশোধন করে সংরক্ষণ করতে বলবেন।



**চতুর্থ দিবস: অধিবেশন ৩ ও ৪**  
(০২:০০-০৫:০০)

প্রশিক্ষণের বিষয়	: সৃজনশীল প্রশ্নের রুব্রিক্স ও নমুনা উত্তর প্রণয়ন
শিখনফল	: এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- <ul style="list-style-type: none"><li>● সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তর প্রণয়ন করতে পারবেন।</li></ul>

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।

**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

#### তথ্যপত্র

#### নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)

একটি উত্তরপত্র যদি দু'জন ভিন্ন ভিন্ন পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হয় তবে সেই দু'জন পরীক্ষকের প্রদত্ত নম্বরের মাঝে পার্থক্য হওয়ার সম্ভাবনা রয়েছে। কেননা উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের মানসিক গড়ন (বিশ্বাস, মূল্যবোধ, মেজাজ-মর্জি), শারীরিক অবস্থা (সুস্থতা, ক্লান্তি, অবসাদ) এবং পারিপার্শ্বিক পরিবেশ ইত্যাদি প্রভাব বিস্তার করে। এমনকি একজন পরীক্ষক যদি একই উত্তরপত্র ভিন্ন ভিন্ন সময়ে মূল্যায়ন করেন তাহলে সকালে যে নম্বর তিনি দিবেন বিকেলে হয়তো সেই নম্বর নাও দিতে পারেন। নম্বর প্রদানের এই তারতম্য কমিয়ে আনার জন্য নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ব্যবহৃত হয়। Rubrics একটি দাঁড়িপাল্লা (পরিমাপক) স্বরূপ যার মাধ্যমে একজন শিক্ষার্থীর শিখন কতটুকু হয়েছে তা যাচাই করা হয়। Rubrics সাধারণত দু' রকমের- বিশ্লেষণধর্মী (Analytical) এবং সার্বিক (Holistic)।

**সার্বিক (Holistic):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় না নিয়ে সব বৈশিষ্ট্যগুলো সম্পর্কে একটি সামগ্রিক ধারণার ভিত্তিতে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তাই হচ্ছে সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)। যেমন ১০ নম্বরের একটি রচনায় কখনো একজন পরীক্ষার্থী হয়তো ৮ নম্বর পেয়েছেন। এক্ষেত্রে পরীক্ষক পরীক্ষার্থীর প্রশ্নের উত্তরের থেকে একটি সামগ্রিক ধারণা লাভ করে নম্বর প্রদান করেছেন অর্থাৎ সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করেছেন। সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা একজন শিক্ষার্থীর প্রশ্ন সংশ্লিষ্ট বিষয়বস্তুর (content) উপর দখল অথবা নৈপুণ্য/কুশলতা (skill/proficiency) অথবা বোঝার ক্ষমতাকে বিবেচনায় নেয়া হয়। সাধারণত সামগ্রিক মূল্যায়নের (Summative Assessment) সময় Holistic Rubrics ব্যবহৃত হয়।

**বিশ্লেষণধর্মী (Analytical):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় নিয়ে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তা হচ্ছে বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)। এক্ষেত্রে প্রশ্ন সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়নের জন্য প্রথমে কয়েকটি বৈশিষ্ট্য নির্ধারণ করা হয় এবং প্রতিটি বৈশিষ্ট্যের কাঠিন্যের ধারাবাহিকতার (degree of difficulty level) আলোকে নম্বর/পয়েন্ট বরাদ্দ করা হয়ে থাকে। পরীক্ষার্থীর কাজকে (Performance) প্রতিটি বৈশিষ্ট্যের আলোকে মূল্যায়ন করা হয়। এতে করে বিভিন্ন বৈশিষ্ট্যের ক্ষেত্রে পরীক্ষার্থী/শিক্ষার্থীর দুর্বলতা চিহ্নিত করে সেই আলোকে তাকে সুনির্দিষ্ট ফিডব্যাক (feedback) দেয়া যায়। যেমন একজন শিক্ষার্থীর লিখিত রচনায় দেখা গেল যে বাক্যগঠনে দুর্বলতা রয়েছে। তাহলে শিক্ষক বুঝবেন যে শিক্ষার্থীকে বাক্যগঠনের উপর ফিডব্যাক দিতে হবে। Analytical Rubrics সাধারণত গঠনমূলক মূল্যায়নে (Formative Assessment) এ ব্যবহৃত হয়। এতে করে শিক্ষার্থীও জানতে পারে কোন কোন বৈশিষ্ট্যের আলোকে তাকে মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী শিক্ষার্থী নিজেকে প্রস্তুত করতে পারে।



শিখনফল Rubrics তৈরির মূল বিবেচ্য বিষয়। যে বৈশিষ্ট্য (Criteria) এর আলোকে শিখনফল অর্জিত হবে সেই বৈশিষ্ট্যসমূহের ব্যাখ্যা (Descriptor) সুস্পষ্ট হতে হবে। একজন শিক্ষার্থী কী লিখলে সর্বোচ্চ নম্বর পাবেন তা Rubrics লেখার সময় প্রথমেই লিখতে হবে। ক্রমান্বয়ে নিচের স্তরের বৈশিষ্ট্যগুলোর ব্যাখ্যা লিখতে হবে।

#### সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক) ও নমুনা উত্তর

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর (Marking Guideline and Model Answer) তৈরি করতে হবে। **[পরিশিষ্ট '৪': সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর]**

পরীক্ষার্থীর উত্তর প্রত্যাশিত দক্ষতা স্তরের না হয়ে নিম্নতর দক্ষতা স্তরের হতে পারে সে কারণেই নম্বর প্রদান নির্দেশিকায় আংশিক নম্বর পাওয়ার উপযোগী উত্তর উল্লেখ করা হয়। পরীক্ষার্থী প্রশ্নের অংশ (খ) তে ১ অথবা ২ নম্বর পেতে পারে। (গ) অংশে ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে এবং (ঘ) অংশে ৪ অথবা ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে। **ভগ্নাংশ নম্বর দেওয়ার কোনো সুযোগ নেই। লিখিত উত্তর গ্রহণযোগ্য না হলে শূন্য (০) পাবে।**

সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর প্রস্তুতকরণ প্রশ্ন প্রণয়নকারীকে ক্রটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। আবার এ নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর পরীক্ষককে নির্ভুল ও নির্ভরযোগ্য নম্বর প্রদানেও নির্দেশনা দেয়। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ক্রটিমুক্ত নয়। এভাবে প্রশ্নের নমুনা উত্তর লেখা প্রশ্ন প্রণয়নকারীকে প্রশ্ন পরিমার্জনে নির্দেশনা দিয়ে থাকে।

#### উত্তর প্রদানে পরীক্ষার্থীদের স্বাধীনতা ও পরীক্ষকগণের নম্বর প্রদান

প্রশ্নপ্রণয়নকারীর তৈরি নমুনা উত্তর এবং পরীক্ষার্থীর লেখা উত্তর হুবহু একই হবে এমনটা আশা করা যায় না। উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্যগঠন, বাক্যবিন্যাস এবং উপস্থাপনা কৌশল স্বাভাবিকভাবেই ভিন্নতর হবে। প্রশ্নপ্রণয়নকারীর লেখা নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। প্রশ্নপ্রণয়নকারী হয়ত তা চিন্তা করতে পারেন নি কিন্তু পরীক্ষার্থীরা চিন্তা করতে পেরেছে। তাই পরীক্ষার্থীর উত্তর থেকে পরীক্ষককে সিদ্ধান্ত নিতে হবে পরীক্ষার্থীর উত্তর কতটুকু সঠিক এবং সে দক্ষতার কোন স্তরে অবস্থান করছে। পরীক্ষার্থীদের উত্তরপত্র থেকে ধারণা নিয়ে নমুনা উত্তরে সংযোজন, বিয়োজন হতে পারে আবার সরবরাহকৃত নমুনা উত্তরের পাশাপাশি নতুন কোনো উত্তর নমুনা উত্তর হিসাবে আবির্ভূত হতে পারে।

প্রয়োগ বা উচ্চতর চিন্তন দক্ষতা স্তরের প্রশ্নের উত্তর লেখার সময় পরীক্ষার্থী প্রথমে জ্ঞান তারপর অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখবে - এমনটা ভাবা যাবে না। পরীক্ষার্থী জ্ঞান থেকে ক্রমান্বয়ে উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখতে পারে আবার নাও লিখতে পারে। পরীক্ষার্থীর লেখা সার্বিক উত্তর থেকে পরীক্ষক পরীক্ষার্থীর চিন্তার স্তর নির্ণয় করবেন। প্রকৃতপক্ষে উচ্চতর দক্ষতা স্তরের উত্তরের মধ্যে নিম্নতর স্তরের চিন্তন দক্ষতা অন্তর্নিহিত থাকে।

পরীক্ষার্থীরা ইচ্ছা অনুযায়ী একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর আগে বা পরে লিখতে পারবে। আবার তারা কোনো একটি সৃজনশীল প্রশ্নের কোনো অংশ লিখে আর একটি প্রশ্নের কোনো অংশ লিখতে পারে। যেমন- কোনো একটি প্রশ্নের (ক) অংশের উত্তর লিখে অন্য কোনো প্রশ্নের উত্তর দিতে পারে এবং পরে পূর্বের প্রশ্নটির (খ) অংশের উত্তর দিতে পারে। এ ধরনের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতার সাথে প্রশ্নের ক্রমিক নম্বর এবং অংশ শনাক্তকরণ বর্ণটি (ক, খ, গ, ঘ) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

তাহলে প্রশ্ন আসতে পারে যে, নমুনা উত্তরের প্রয়োজন কী? নমুনা উত্তর লেখার ফলে সংশ্লিষ্ট প্রশ্নপ্রণয়নকারী এবং পরিমার্জনকারীগণ প্রশ্নের ভুলত্রুটি চিহ্নিত ও সংশোধনের সুযোগ পান। এছাড়াও পরীক্ষক উত্তরপত্র মূল্যায়নের একটি নির্দেশনা পান; এর ফলে নম্বর প্রদানে অনাকাঙ্ক্ষিত প্রভাব হ্রাস পায়।

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নমুনা উত্তর (Model Answer) তৈরি করতে হবে। নমুনা উত্তর প্রশ্ন প্রণয়নকারীকে ক্রটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ক্রটিমুক্ত নয়।

**উল্লেখ্য, নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর শুধু পরীক্ষক/শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য। এটি শিক্ষার্থী/পরীক্ষার্থীদের অনুসরণ/ব্যবহারের জন্য নয়।**

## প্রশিক্ষণ কার্যক্রম

কাজ-১: নম্বর প্রদান নির্দেশিকা (রব্রিক্স) ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব (৩০ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- রব্রিক্স ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্র নীরব পাঠ করতে বলবেন/স্লাইড প্রদর্শন করবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে রব্রিক্স ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন;

কাজ-২: পরিশোধিত সৃজনশীল প্রশ্নের রব্রিক্স ও নমুনা উত্তর প্রণয়ন ও উপস্থাপন (১৩৫ মিনিট)

- প্রতিটি দলের সদস্যকে পূর্বের অধিবেশনে পরিশোধিত সৃজনশীল প্রশ্নের রব্রিক্সসহ নমুনা উত্তর প্রণয়ন করতে বলবেন। এক্ষেত্রে বাড়ির কাজে লেখা বিভিন্ন অংশের উত্তর বিবেচনায় নিতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রব্রিক্স ও নমুনা উত্তরসহ ১টি সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে পোস্টার/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- প্রতিটি দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপিত কাজের উপর অন্য প্রশিক্ষণার্থীগণকে মতামত দিতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব মতামতের মাধ্যমে রব্রিক্সসহ সৃজনশীল প্রশ্নটি সংশোধন করে দিবেন।
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে রব্রিক্সসহ প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে রব্রিক্সসহ প্রশ্ন পরিশোধন করে দিবেন;
- দলে বসে অন্যান্য প্রশ্নসমূহ রব্রিক্সসহ পরিশোধন করতে বলবেন;

চতুর্থ দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে ১টি সৃজনশীল প্রশ্ন রব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

**পঞ্চম দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪**  
(০৯:০০-০৫:০০)

প্রশিক্ষণের বিষয়	: রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন
শিখনফল	: এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- <ul style="list-style-type: none"><li>• রুব্রিক্স ও নমুনা উত্তরসহ একসেট সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন।</li></ul>

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল: সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, উপস্থাপনা।

প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: রুব্রিক্স নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন উপস্থাপন (২১০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-**

- দলে বসে বাড়ির কাজে প্রণীত সৃজনশীল প্রশ্নসমূহ (রুব্রিক্স ও নমুনা উত্তরসহ) নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- প্রতিটি দলকে ঐকমত্যের ভিত্তিতে ১টি সৃজনশীল প্রশ্নের (রুব্রিক্স ও নমুনা উত্তরসহ) পোস্টার তৈরি করতে বলবেন;
- প্রতিটি দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিমার্জন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিমার্জন করে দিবেন।

**কাজ-২: রুব্রিক্স ও নমুনা উত্তরসহ একসেট সৃজনশীল প্রশ্ন চূড়ান্তকরণ (১৬৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-**

- প্রত্যেক দলকে কাজ-১ এর অভিজ্ঞতার আলোকে ৪টি সৃজনশীল প্রশ্নের ১টি সেট চূড়ান্ত করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের চূড়ান্তকৃত প্রতিটি সৃজনশীল প্রশ্নের রুব্রিক্সসহ নমুনা উত্তর লিখতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের তৈরিকৃত প্রশ্নপত্র ও রুব্রিক্সসহ নমুনা উত্তর সরবরাহকৃত খামে ভরে জমা দিতে বলবেন।  
(প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

**ষষ্ঠ দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪**  
**(০৯:০০-০৫:০০)**

প্রশিক্ষণের বিষয়	: রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন
শিখনফল	: এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- <ul style="list-style-type: none"><li>• রুব্রিক্স ও নমুনা উত্তরসহ এক সেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন।</li></ul>

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল: সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, উপস্থাপনা।  
প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন একটি সময় সাপেক্ষ এবং শ্রমসাধ্য কাজ। একটি মানসম্মত সৃজনশীল প্রশ্ন পত্রের জন্য সৃজনশীল প্রশ্ন প্রণয়ন যথাযথ উপায়ে করতে হবে। শিক্ষার্থীদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতির সাথে অভ্যস্ত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিখন-শেখানো প্রক্রিয়া এবং অভ্যন্তরীণ পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন ব্যবহার করতে হবে।

**সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও পরিশোধনে নিচের নির্দেশনাসমূহ অনুসরণে সচেষ্ট হতে হবে-**

- যে বিষয়বস্তুকে নিয়ে প্রশ্ন করবেন তা শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত হতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- প্রশ্নের শুরুতে একটি মৌলিক, আকর্ষণীয় ও সংক্ষিপ্ত উদ্দীপক তৈরি করতে হবে। উদ্দীপক পাঠ্যপুস্তক থেকে সরাসরি নেওয়া যাবে না। তবে উদ্দীপক অবশ্যই শিক্ষাক্রম/সিলেবাস/পাঠ্যপুস্তকের কোনো বিষয়বস্তুর আলোকে প্রণীত হতে হবে।
- উদ্দীপকে বর্ণিত বিষয়স্তুর আলোকেই চারটি প্রশ্ন (ক, খ, গ এবং ঘ অংশ) তৈরি করতে হবে।
- উদ্দীপকে কোনো প্রশ্নের উত্তর থাকবে না। বরং উদ্দীপক শিক্ষার্থীকে বিভিন্নভাবে চিন্তা করতে উৎসাহিত করবে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে ‘ক’ ও ‘খ’ অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে ‘গ’ ও ‘ঘ’ অংশের উত্তর দেওয়া সম্ভব হবে না।
- একটি সৃজনশীল প্রশ্নের প্রতিটি অংশ তার সাথে সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী হতে হবে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ (‘ক’, ‘খ’, ‘গ’ ও ‘ঘ’ অংশ) উদ্দীপকের আলোকে গঠিত হলেও অংশসমূহ সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী নাও হতে পারে। এ ক্ষেত্রে উদ্দীপক/প্রশ্ন সংশোধনের প্রয়োজন হয়।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ (‘ক’, ‘খ’, ‘গ’ ও ‘ঘ’ অংশ) এমনভাবে প্রণয়ন করতে হবে যেন বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নপত্র এমনভাবে প্রণয়ন করতে হবে যেন প্রশ্নপত্রের বিভিন্ন প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরের পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের পূর্ণ বা আংশিক উত্তরে (পূর্ণ বা আংশিক উত্তর বিভিন্নভাবে লেখা যেতে পারে) নম্বর প্রদান কী হবে তা প্রশ্ন প্রণয়নের সময় আগাম বিবেচনা করে নম্বর প্রদান নির্দেশিকা ঠিক করে নিতে হয়।
- সৃজনশীল প্রশ্নের কোনো অংশের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্থাৎ তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি অবশ্যই শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকে থাকতে হবে।
- সৃজনশীল প্রশ্ন তৈরির সময়ে কিছু ক্রটি দৃষ্টিগোচর নাও হতে পারে। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করার সময়ে প্রশ্নের সবলতা ও দুর্বলতা (ক্রটি-বিচ্যুতি) দৃশ্যমান হবে এবং এর ভিত্তিতে প্রশ্ন সংশোধন করতে হবে।

## প্রশিক্ষণ কার্যক্রম

### কাজ-১: সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধনের ধারণা ও গুরুত্ব (২০ মিনিট)

#### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- সৃজনশীল প্রশ্ন পরিশোধনের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্র নীরব পাঠ করতে বলবেন/স্লাইড প্রদর্শন করবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে সৃজনশীল প্রশ্ন পরিশোধন সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন।

### কাজ-২: একটি সৃজনশীল প্রশ্ন (রব্রিক্স ও নমুনা উত্তরসহ) পরিশোধন ও উপস্থাপন (১৩০ মিনিট)

#### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বন্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সৃজনশীল প্রশ্নপত্র থেকে ১টি প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

### কাজ-৩: একসেট সৃজনশীল প্রশ্নপত্র (রব্রিক্স ও নমুনা উত্তরসহ) পরিশোধন ও উপস্থাপন (২২৫ মিনিট)

#### এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নগুলো পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- রব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নে কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।



# পরিশিষ্ট





## শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

### লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

### উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্রে, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাদি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।
১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

একাদশ-দ্বাদশ শ্রেণির কারিকুলাম অনুযায়ী বিষয়ভিত্তিক উদ্দেশ্য  
বিষয়: অর্থনীতি (কোড নম্বর : ১০৯ ও ১১০)

উদ্দেশ্য

১. অর্থনীতির গুরুত্বপূর্ণ ধারণা, তত্ত্ব ও বিধি সম্পর্কে শিক্ষালাভ করা এবং বাস্তবে তা প্রয়োগে সমর্থ হওয়া।
২. অর্থনৈতিক বিশ্লেষণে রেখা, সূচি, লেখচিত্র, গাণিতিক সূত্র ও সমীকরণের ব্যবহার আয়ত্ত করা।
৩. উৎপন্ন দ্রব্য ও উপকরণের বাজার এবং বাজারে দাম নির্ধারণ বা ভারসাম্য পরিস্থিতি সম্পর্কে ধারণা লাভ করা।
৪. জাতীয় অর্থনীতি সম্বন্ধে জ্ঞান লাভের পাশাপাশি এর উন্নয়ন কর্মকাণ্ডে অংশ নিতে উৎসাহিত হওয়া।
৫. বৈশ্বিক অর্থনীতির গতি প্রকৃতি এবং চিন্তাধারা পরিবর্তনের সাথে পরিচিত হওয়া।
৬. বাংলাদেশের কৃষি, শিল্প ও সেবাখাতে রাষ্ট্রীয় অগ্রাধিকার এবং গুরুত্বপূর্ণ নীতি ও কর্মসূচি সম্পর্কে জ্ঞান লাভ করা এবং এসবের প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করা।
৭. বাংলাদেশের অর্থনীতির পরিবর্তনের ধারা সম্পর্কে জ্ঞান লাভ করা এবং এর সাথে অভিযোজনে উদ্বুদ্ধ হওয়া।
৮. অর্থনৈতিক কর্মের জ্ঞান লাভ করে কর্মসংস্থানে উদ্যোগী হওয়া।
৯. জনসংখ্যা ও মানবসম্পদ সম্পর্কে ধারণা লাভ করা এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ ও মানবসম্পদ উন্নয়নের গুরুত্ব উপলব্ধি করতে পারা।
১০. অর্থায়ন, মুদ্রাস্ফীতি ও খাদ্য নিরাপত্তা প্রসঙ্গ (issues) বুঝতে পারা এবং এসব ক্ষেত্রে সচেতনতা অর্জন করা।
১১. মানব কল্যাণে অর্থনীতির জ্ঞান ও কলাকৌশল প্রয়োগে উদ্বুদ্ধ হওয়া।
১২. দেশের অর্থনৈতিক সমস্যা জানতে ও বুঝতে আগ্রহী হওয়া এবং পরিবর্তিত অর্থনৈতিক ধারার পরিপ্রেক্ষিতে সমস্যা সমাধানের উপায় খুঁজে বের করতে সচেষ্ট হওয়া।
১৩. দেশপ্রেম, নৈতিক ও সামাজিক মূল্যবোধে উজ্জীবিত হয়ে জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে অনুপ্রাণিত হওয়া।

একাদশ-দ্বাদশ শ্রেণির কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল

বিষয়: অর্থনীতি প্রথম পত্র (১০৯)

প্রথম অধ্যায় : মৌলিক অর্থনৈতিক সমস্যা এবং এর সমাধান (১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p>১. দুস্প্রাপ্যতা ও অসীম অভাবের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>২. সীমিত সম্পদ এবং অভাব অসীম হওয়ার কারণে সৃষ্ট নির্বাচন সমস্যাটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন করে প্রদর্শন করতে পারবে।</p> <p>৩. নির্বাচনজনিত সমস্যার পরিপ্রেক্ষিতে মৌলিক অর্থনৈতিক সমস্যাসমূহ চিহ্নিত করতে পারবে।</p> <p>৪. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় অর্থনৈতিক সমস্যার সমাধানে দাম ব্যবস্থার ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৫. নির্দেশমূলক অর্থব্যবস্থায় অর্থনৈতিক সমস্যা সমাধানের প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৬. মিশ্র অর্থব্যবস্থায় অর্থনৈতিক সমস্যার সমাধানে দাম ব্যবস্থার কার্যকারিতা মূল্যায়ন করতে পারবে।</p> <p>৭. অর্থনৈতিক সমস্যা সমাধানের ক্ষেত্রে ইসলামী অর্থব্যবস্থায় স্বাতন্ত্র্যসমূহ চিহ্নিত করতে পারবে।</p> <p>৮. মৌলিক অর্থনৈতিক সমস্যা সমাধানের ক্ষেত্রে বিভিন্ন অর্থব্যবস্থার সাদৃশ্য ও বৈসাদৃশ্য নির্ণয় করতে পারবে।</p> <p>৯. অর্থনৈতিক সমস্যা সমাধানের ক্ষেত্রে বিভিন্ন অর্থব্যবস্থার স্বাতন্ত্র্য উদঘাটনে উদ্বুদ্ধ হবে।</p> <p>১০. ব্যষ্টিক অর্থনীতির সাথে সামষ্টিক অর্থনীতির তুলনা করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● মৌলিক অর্থনৈতিক সমস্যা- <ul style="list-style-type: none"> <li>– দুস্প্রাপ্যতা</li> <li>– অসীম অভাব</li> <li>– নির্বাচন সমস্যা</li> <li>– কী উৎপাদন, কীভাবে উৎপাদন, কার জন্য উৎপাদন</li> </ul> </li> <li>● অর্থনৈতিক ব্যবস্থাসমূহে অর্থনৈতিক সমস্যার সমাধান- <ul style="list-style-type: none"> <li>– ধনতান্ত্রিক অর্থব্যবস্থা</li> <li>– নির্দেশমূলক অর্থব্যবস্থা</li> <li>– মিশ্র অর্থব্যবস্থা</li> <li>– ইসলামী অর্থব্যবস্থা</li> </ul> </li> <li>● ব্যষ্টিক ও সামষ্টিক অর্থনীতির ধারণা</li> </ul>

দ্বিতীয় অধ্যায় : ভোক্তা ও উৎপাদকের আচরণ (২৪ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p>১. উপযোগের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>২. মোট ও প্রান্তিক উপযোগের সম্পর্ক নির্ণয় করতে পারবে।</p> <p>৩. কাল্পনিক সূচি/বাস্তব ঘটনার ভিত্তিতে ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগবিধির লেখচিত্র অংকন করে তা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৪. চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৫. চাহিদাবিধিকে সূচি এবং রেখাচিত্রে রূপ দিয়ে ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৬. চাহিদার নির্ধারকসমূহ বর্ণনা করতে পারবে।</p> <p>৭. অপেক্ষকের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৮. স্বাধীন ও নির্ভরশীল চলক ব্যবহার করে চাহিদা অপেক্ষক গঠন করতে পারবে।</p> <p>৯. চলক ও প্রবকের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারবে।</p> <p>১০. চাহিদা অপেক্ষকে চাহিদা সমীকরণে প্রকাশ করতে পারবে।</p> <p>১১. সরল রেখার ঢাল নির্ণয় করতে পারবে।</p> <p>১২. চাহিদার স্থিতিস্থাপকতার ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১৩. চাহিদার দাম, আয় ও আড়াআড়ি স্থিতিস্থাপকতা পরিমাপ করতে পারবে।</p> <p>১৪. যোগানের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১৫. যোগানবিধিকে সূচি ও রেখাচিত্রে রূপ দিতে পারবে।</p> <p>১৬. যোগানের নির্ধারকসমূহ চিহ্নিত করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● উপযোগ <ul style="list-style-type: none"> <li>– উপযোগের ধারণা</li> <li>– মোট ও প্রান্তিক উপযোগ</li> <li>– ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি</li> </ul> </li> <li>● চাহিদার ধারণা <ul style="list-style-type: none"> <li>– চাহিদা বিধি (সূচি ও রেখাচিত্রে প্রকাশ)</li> <li>– চাহিদার নির্ধারকসমূহ</li> <li>– চাহিদা অপেক্ষক (স্বাধীন ও নির্ভরশীল চলক)</li> <li>– চাহিদা সমীকরণ গঠন (চলক, প্রবক ও ঢাল)</li> </ul> </li> <li>● চাহিদার স্থিতিস্থাপকতা (দাম, আয় ও আড়াআড়ি স্থিতিস্থাপকতা) ও পরিমাপ</li> <li>● যোগানের ধারণা <ul style="list-style-type: none"> <li>– যোগান বিধি (সূচি ও রেখাচিত্রে প্রকাশ)</li> <li>– যোগানের নির্ধারকসমূহ</li> <li>– যোগান অপেক্ষক (স্বাধীন ও নির্ভরশীল চলক)</li> <li>– যোগান সমীকরণ (চলক, প্রবক, ঢাল)</li> </ul> </li> <li>● যোগান স্থিতিস্থাপকতা</li> </ul>

১৭. যোগান অপেক্ষক গঠন করে তা যোগান সমীকরণে রূপ দিতে পারবে। ১৮. যোগান স্থিতিস্থাপকতার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ১৯. সূচি, রেখাচিত্র এবং গাণিতিকভাবে ভারসাম্য দাম ও পরিমাপ নির্ধারণ করা এবং ভারসাম্য দামের উপর চাহিদা ও যোগানের পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ</li> <li>● চাহিদা ও যোগান পরিবর্তনের প্রভাব</li> </ul>
---	--

### তৃতীয় অধ্যায় : উৎপাদন, উৎপাদন ব্যয় ও আয় (২০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
১. উৎপাদনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. উৎপাদন অপেক্ষক গঠন করে তা বর্ণনা করতে পারবে। ৩. উৎপাদনের কোনো একটি উপকরণ বা উপকরণসমূহের পরিবর্তনের ফলে উৎপাদনের পরিবর্তন ব্যাখ্যা করতে পারবে। ৪. ক্রমহ্রাসমান, ক্রমবর্ধমান ও সমানুপাতিক মাত্রাগত উৎপাদনবিধি লেখচিত্রে প্রকাশ করতে পারবে। ৫. উৎপাদন ব্যয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৬. স্বল্পকালীন ও দীর্ঘকালীন উৎপাদন ব্যয়ের পার্থক্য নির্ণয় করতে পারবে। ৭. মোট, গড় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে তুলনা করতে পারবে। ৮. আয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৯. মোট আয়, গড় আয় ও প্রান্তিক আয় পরিমাপ করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● উৎপাদন               <ul style="list-style-type: none"> <li>– উৎপাদনের ধারণা</li> <li>– উৎপাদন অপেক্ষক</li> <li>– উপকরণের পরিবর্তন ও উৎপাদন</li> <li>– মাত্রাগত উৎপাদন (ক্রমহ্রাসমান, ক্রমবর্ধমান ও সমানুপাতিক)</li> </ul> </li> <li>● উৎপাদন ব্যয়               <ul style="list-style-type: none"> <li>– স্বল্পকালীন উৎপাদন ব্যয়</li> <li>– দীর্ঘকালীন উৎপাদন ব্যয়</li> <li>– মোট, গড় ও প্রান্তিক ব্যয়</li> </ul> </li> <li>● আয়               <ul style="list-style-type: none"> <li>– মোট আয়, গড় আয়, প্রান্তিক আয়</li> </ul> </li> </ul>

### চতুর্থ অধ্যায় : বাজার (১৪ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
১. বাজার সম্পর্কে অর্থনীতির ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. বাজারের শ্রেণিবিভাগ বর্ণনা করতে পারবে। ৩. বিভিন্ন ধরনের অর্থনৈতিক বাজারের মধ্যে তুলনা করতে পারবে। ৪. ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য নিরূপণ করতে পারবে। ৫. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে একটি ফার্মের স্বল্পকালীন দাম নির্ধারণ লেখচিত্র অঙ্কন করে ব্যাখ্যা করতে পারবে। ৬. একচেটিয়া বাজারে একটি ফার্মের স্বল্পকালীন দাম নির্ধারণ লেখচিত্র অঙ্কন করে ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>– বাজারের শ্রেণিবিভাগ ও বৈশিষ্ট্যসমূহ</li> <li>– পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার</li> <li>– একচেটিয়া মূলক বাজার</li> <li>– একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার</li> <li>– অলিগোপলি</li> <li>– মনোপসনি</li> <li>● ফার্ম ও শিল্পের ধারণা               <ul style="list-style-type: none"> <li>– পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দাম নির্ধারণ (স্বল্পকালীন)</li> <li>– একচেটিয়া বাজারে দাম নির্ধারণ (স্বল্পকালীন)</li> </ul> </li> </ul>

### পঞ্চম অধ্যায় : শ্রমবাজার (১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
১. শ্রমের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. তথ্য ও উপাত্তের আলোকে পেশা, দক্ষতা ও অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক শ্রমবাজারের বাস্তব পরিস্থিতি ব্যাখ্যা করতে পারবে। ৩. শ্রমের চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৪. শ্রমের যোগানের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৫. শ্রমের চাহিদা ও যোগানের আলোকে লেখচিত্র অঙ্কন করে শ্রমবাজারে মজুরি নির্ধারণ করতে পারবে। ৬. বাস্তব উদাহরণ দিয়ে আর্থিক ও প্রকৃত মজুরির পার্থক্য নির্ণয় করতে পারবে। ৭. মজুরির সাথে আয়ের তুলনা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● শ্রম বাজার               <ul style="list-style-type: none"> <li>– শ্রমের ধারণা</li> <li>– শ্রমের বাজার: পেশা, দক্ষতা, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক</li> <li>– শ্রমের চাহিদা</li> <li>– শ্রমের যোগান</li> <li>– শ্রম বাজারে মজুরি নির্ধারণ</li> <li>– আর্থিক ও প্রকৃত মজুরি</li> <li>– মজুরি আয় (Earnings)</li> </ul> </li> </ul>

### ষষ্ঠ অধ্যায় : মূলধন (১০ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. মূলধনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. মূলধনের প্রকারভেদ বর্ণনা করতে পারবে। ৩. মূলধনের গতিশীলতার উপর প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ চিহ্নিত করতে পারবে। ৪. মূলধনের যোগান ধারণাটি ব্যাখ্যা করতে পারবে। ৫. মূলধন গঠনের উপায়সমূহ বিশ্লেষণ করতে পারবে। ৬. সঞ্চয়ের অভ্যাস গঠনে অনুপ্রাণিত হবে।	<ul style="list-style-type: none"> <li>● মূলধন</li> <li>— মূলধনের ধারণা</li> <li>— মূলধনের প্রকারভেদ: স্থায়ী ও চলতি</li> <li>— মূলধনের গতিশীলতা</li> <li>— মূলধনের যোগান</li> <li>— মূলধন গঠনের উপায়</li> </ul>

### সপ্তম অধ্যায় : সংগঠন (১০ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. সংগঠনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. সংগঠন ও উদ্যোক্তার কার্যাবলি বর্ণনা করতে পারবে। ৩. বিভিন্ন প্রকার সংগঠনের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করতে পারবে। ৪. সংগঠন হিসাবে এনজিওর ভূমিকা বিশ্লেষণ করতে পারবে। ৫. বিভিন্ন ধরনের সংগঠন/সংস্থা সম্পর্কে জানতে আগ্রহী হবে।	<ul style="list-style-type: none"> <li>● সংগঠনের ধারণা</li> <li>● সংগঠন ও উদ্যোক্তা</li> <li>● উদ্যোক্তার কার্যাবলি</li> <li>● সংগঠনের প্রকারভেদ (একক, অংশীদারি, যৌথ মূলধনী মালিকানা, এনজিও)</li> </ul>

### অষ্টম অধ্যায়: খাজনা (১০ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. খাজনার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. খাজনা নির্ধারণের আধুনিক তত্ত্ব রেখাচিত্র অঙ্কন করে ব্যাখ্যা করতে পারবে। ৩. নিম্ন খাজনার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৪. খাজনা ও নিম্ন খাজনার মধ্যে পার্থক্য চিহ্নিত করতে পারবে। ৫. খাজনার সাথে দামের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● খাজনার ধারণা</li> <li>● খাজনা নির্ধারণ</li> <li>● খাজনা ও দামের সম্পর্ক</li> <li>● নিম্ন খাজনা</li> </ul>

### নবম অধ্যায় : সামগ্রিক আয় ও ব্যয় (১২ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. সামগ্রিক আয় হিসেবে জিডিপি, জিএনআই এবং এনএনআই এর ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. সামগ্রিক ব্যয়ের অংশ হিসেবে ভোগ, সঞ্চয়, বিনিয়োগ ও সরকারি ব্যয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৩. সঞ্চয়ের সাথে বিনিয়োগের সম্পর্ক নির্ণয় করতে পারবে। ৪. আবদ্ধ (Closed) অর্থনীতিতে লেখচিত্র অঙ্কন করে ভারসাম্য আয় নির্ধারণ এবং তা ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● সামগ্রিক আয়ের ধারণা</li> <li>— জিডিপি, জিএনআই, এনএনআই</li> <li>● সামগ্রিক ব্যয়</li> <li>— ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ</li> <li>— সরকারি ব্যয়</li> <li>● আবদ্ধ অর্থনীতি</li> </ul>

### দশম অধ্যায় : মুদ্রা ও ব্যাংক (১৬ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. মুদ্রার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. মুদ্রার কার্যাবলি বর্ণনা করতে পারবে। ৩. বিহিত মুদ্রা ও আমানতের মধ্যে পার্থক্য নির্দেশ করতে পারবে। ৪. মুদ্রার মূল্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৫. মুদ্রার চাহিদা ও যোগানের উপাদানসমূহ ব্যাখ্যা করতে পারবে। ৬. আরভি ফিশারের সমীকরণ ব্যবহার করে মুদ্রার পরিমাণতত্ত্ব বিশ্লেষণ করতে পারবে। ৭. কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৮. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের হাতিয়ারসমূহের তুলনামূলক কার্যকারিতা বিশ্লেষণ করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>● মুদ্রা ও ব্যাংক</li> <li>— মুদ্রা কী?</li> <li>— মুদ্রার কার্যাবলি</li> <li>— বিহিত মুদ্রা এবং আমানত</li> <li>— মুদ্রার মূল্য</li> <li>— মুদ্রার চাহিদা ও যোগান</li> <li>— মুদ্রার পরিমাণ তত্ত্ব</li> <li>— কেন্দ্রীয় ব্যাংক</li> <li>— কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের হাতিয়ারসমূহ</li> </ul>

<p>৯. বাণিজ্যিক ব্যাংকের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১০. বাণিজ্যিক ব্যাংকের ঋণ সৃজন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১১. অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিংয়ের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</p> <p>১২. সমাজ সেবার ক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংক এর ভূমিকা মূল্যায়ন করতে পারবে।</p>	<p>– বাণিজ্যিক ব্যাংক</p> <p>– বাণিজ্যিক ব্যাংকের ঋণ সৃজন</p> <p>– অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং এর গুরুত্ব</p> <p>– বাণিজ্যিক ব্যাংকের সমাজ সেবা কার্যক্রম</p>
---	---

## বিষয় : অর্থনীতি দ্বিতীয় পত্র (১১০)

### প্রথম অধ্যায় বাংলাদেশের অর্থনীতি পরিচয় (১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p>১. বাংলাদেশের অর্থনীতির ঐতিহাসিক পটভূমি বর্ণনা করতে পারবে।</p> <p>২. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক পরিবেশ ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৩. বাংলাদেশের অর্থনীতির কাঠামো ও বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবে।</p> <p>৪. তথ্য উপাত্তের আলোকে বাংলাদেশের অর্থনীতির গতিধারা বর্ণনা করতে পারবে।</p> <p>৫. প্রয়োজনীয় তথ্য উপাত্তের সাহায্যে বৈশ্বিক পরিপ্রেক্ষিতে বাংলাদেশের অবস্থান ও ভবিষ্যৎ সম্ভাবনা ব্যাখ্যা করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● বাংলাদেশের অর্থনীতির ঐতিহাসিক পটভূমি</li> <li>● বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক পরিবেশ</li> <li>● বাংলাদেশের অর্থনীতির কাঠামো, বৈশিষ্ট্য ও গতিধারা</li> <li>● বৈশ্বিক পরিপ্রেক্ষিতে বাংলাদেশের অবস্থান এবং ভবিষ্যৎ সম্ভাবনা</li> </ul>

### দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশের কৃষি (২০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p>১. বাংলাদেশের কৃষির কাঠামো এবং এর উপখাতসমূহ বর্ণনা করতে পারবে।</p> <p>২. জিডিপিতে কৃষির উপখাতসমূহের অবদান লেখচিত্র অংকন করে প্রদর্শন করতে পারবে।</p> <p>৩. বাংলাদেশে কৃষি খামার ও কৃষিজাত এর স্বরূপ ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৪. বাস্তব ঘটনা ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বাংলাদেশে কৃষি পণ্যের বিপণন সমস্যাসমূহ চিহ্নিত করতে পারবে।</p> <p>৫. বাংলাদেশের কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে সরকার/রাষ্ট্রের অংশগ্রহণের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৬. বাস্তবচিত্র, ঘটনা ও তথ্য উপাত্তের ভিত্তিতে বাংলাদেশের কৃষিখাতে শস্য উৎপাদন, মৎস্য চাষ, গবাদিপশু ও হাঁস-মুরগী প্রতিপালন, চিংড়ি ও মাশরুম চাষ, বন ও নার্সারি স্থাপনের পরিবর্তনের ধারা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৭. বাংলাদেশের কৃষি উন্নয়নে সরকারের গৃহীত কৃষিঋণ, কৃষি উপকরণ বিতরণের বিভিন্ন কর্মসূচির উপযোগিতা বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৮. বাংলাদেশের কৃষি উন্নয়নের ক্ষেত্রে শস্যবহুমুখীকরণ ও সেচ সুবিধা সম্প্রসারণের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৯. বাংলাদেশের কৃষিতে পরিবেশ দূষণ, বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব চিহ্নিত করে বিদ্যমান সংকট উত্তরণ এবং অভিযোজনের উপায় অনুসন্ধান করতে পারবে।</p> <p>১০. বাংলাদেশের কৃষি উন্নয়নে পারমানবিক শক্তি, বায়োটেকনোলজি পদ্ধতি এবং আইসিটি ব্যবহারের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</p> <p>১১. বাংলাদেশের কৃষি উন্নয়নে কৃষি প্রযুক্তি বিশেষ করে উন্নত বীজ উদ্ভাবনের ফলাফল মূল্যায়ন করতে পারবে।</p> <p>১২. কৃষি উন্নয়নে গৃহীত নীতি ও কর্মসূচির প্রতি সমর্থন দানে উদ্বুদ্ধ হবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● কৃষির কাঠামো <ul style="list-style-type: none"> <li>– কৃষির উপখাত</li> <li>– জিডিপিতে বিভিন্ন উপখাতের অবদান</li> <li>– কৃষি খামার ও কৃষিজাত</li> </ul> </li> <li>● কৃষি পণ্যের বিপণন <ul style="list-style-type: none"> <li>– বিপণনের সমস্যা</li> <li>– কৃষি বিপণনে সরকার/রাষ্ট্রের অংশগ্রহণ</li> </ul> </li> <li>● কৃষি খাতে পরিবর্তনের ধারা <ul style="list-style-type: none"> <li>– শস্য উৎপাদন, গবাদিপশু ও হাঁস-মুরগী প্রতিপালন, চিংড়ি চাষ, মাশরুম চাষ, বন ও নার্সারি স্থাপন</li> </ul> </li> <li>● কৃষি উন্নয়নের কর্মসূচিসমূহ <ul style="list-style-type: none"> <li>– কৃষি ঋণ বিতরণ</li> <li>– কৃষি উপকরণ বিতরণ (কৃষি উপকরণে ভর্তুকি, উপকরণ সহজলভ্যকরণ, উপকরণ সহায়তা কার্ড বিতরণ)</li> <li>– শস্য বহুমুখীকরণ</li> <li>– সেচ সুবিধা সম্প্রসারণ</li> <li>– পরিবেশ দূষণ বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতির সাথে অভিযোজনের উপায়</li> <li>– পরমাণু ও বায়োটেকনোলজি পদ্ধতি এবং আইসিটির ব্যবহার</li> <li>– কৃষি প্রযুক্তি উদ্ভাবন: উন্নত বীজ</li> </ul> </li> </ul>

### তৃতীয় অধ্যায় : বাংলাদেশের শিল্প (১৪ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
<p>১. বাংলাদেশের শিল্প কাঠামো বর্ণনা করতে পারবে।</p> <p>২. বাংলাদেশের শিল্পের শ্রেণিবিন্যাস ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৩. রপ্তানিমুখী শিল্পের তালিকা প্রস্তুত করতে পারবে।</p> <p>৪. পাট, বস্ত্র, চা, চামড়া এবং তৈরি পোশাক শিল্পের বর্ণনা করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● শিল্প কাঠামো</li> <li>● বাংলাদেশে শিল্পের শ্রেণিবিন্যাস <ul style="list-style-type: none"> <li>– কুটির শিল্প</li> <li>– অতি ক্ষুদ্র শিল্প (Micro Industry)</li> <li>– ক্ষুদ্র শিল্প</li> </ul> </li> </ul>



৫. আমদানি বিকল্প শিল্পের ধারণা এবং গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।	— মাঝারি শিল্প
৬. সরকারি ও বেসরকারি অংশিদারিত্বে শিল্পোন্নয়নের সরকারি নীতির যথার্থতা বিশ্লেষণ করতে পারবে।	— বৃহৎ শিল্প
	• রপ্তানিমুখী শিল্প (পাট, বস্ত্র, চা, চামড়া, তৈরি পোশাক)
	• আমদানি বিকল্প শিল্প
	• শিল্পোন্নয়নে সরকারি নীতি: সরকারি ও বেসরকারি অংশিদারিত্ব

#### চতুর্থ অধ্যায়: জনসংখ্যা, মানবসম্পদ এবং আত্মকর্মসংস্থান (১৮ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. জনসংখ্যা পরিমাপের ধারণা ব্যাখ্যা করতে পারবে।	• জনসংখ্যার পরিমাপ ও ঘনত্ব
২. সূত্র ব্যবহার করে জনসংখ্যার ঘনত্ব নির্ণয় করতে পারবে।	• জনসংখ্যার নির্ধারকসমূহ (জন্মহার, মৃত্যুহার ও নীট অভিবাসন)
৩. জনসংখ্যার নির্ধারকসমূহ বর্ণনা করতে পারবে।	• জনসংখ্যা বৃদ্ধির প্রভাব
৪. দেশের অর্থনীতিতে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বিশ্লেষণ করতে পারবে।	• জনসংখ্যা তত্ত্ব: ম্যালথাসের তত্ত্ব ও কাম্য জনসংখ্যা তত্ত্ব
৫. ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব এবং কাম্য জনসংখ্যা তত্ত্বের আলোকে জনাধিক্য সমস্যাটি শনাক্ত করতে পারবে।	• বাংলাদেশের জনসংখ্যা এবং কাঠামো (বয়োগলিঙ্গ ও ভৌগোলিক)
৬. বয়োগলিঙ্গ ও ভৌগোলিক দিক থেকে বাংলাদেশের জনসংখ্যা এবং জনসংখ্যার কাঠামো ব্যাখ্যা করতে পারবে।	• বাংলাদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম
৭. বাংলাদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণে গৃহীত কর্মসূচির কার্যকারিতা মূল্যায়ন করতে পারবে।	• মানবসম্পদ উন্নয়ন
৮. মানবসম্পদ উন্নয়নের ধারণা ব্যাখ্যা করতে পারবে।	• বাংলাদেশে মানবসম্পদ উন্নয়নে গৃহীত কর্মসূচি-শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, নারী উন্নয়ন
৯. বাংলাদেশে মানবসম্পদ উন্নয়নের গৃহীত শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও নারী উন্নয়ন কর্মসূচির পারস্পরিক গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।	• আত্মকর্মসংস্থানের ধারণা
১০. আত্মকর্মসংস্থানের ধারণা ব্যাখ্যা করতে পারবে।	• আত্মকর্মসংস্থানের জন্য করণীয় (সফল আত্মকর্মীর কেইস সমীক্ষণ)
১১. সফল আত্মকর্মীর ঘটনা কিংবা তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আত্মকর্মসংস্থানের করণীয়সমূহের তালিকা প্রস্তুত করতে পারবে।	
১২. নিজেকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার প্রয়োজনীয় জ্ঞান অভিজ্ঞতা অর্জনে উদ্বুদ্ধ হবে।	

#### পঞ্চম অধ্যায় : খাদ্য নিরাপত্তা (১০ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. খাদ্য নিরাপত্তার ধারণা ব্যাখ্যা করতে পারবে।	• খাদ্য নিরাপত্তার ধারণা
২. খাদ্য নিরাপত্তার দিকসমূহ বিশ্লেষণ করতে পারবে	• খাদ্য নিরাপত্তার দিকসমূহ (Dimensions)
৩. বাংলাদেশের খাদ্য নিরাপত্তা পরিস্থিতি বর্ণনা করতে পারবে।	— খাদ্যের প্রাপ্যতা (Food availability)
৪. খাদ্য নিরাপত্তা অর্জনে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপসমূহের কার্যকারিতা ব্যাখ্যা করতে পারবে	— খাদ্যের ক্রয়যোগ্যতা (Food access)
৫. নিরাপদ খাদ্যের ধারণা এবং এর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে	— খাদ্যের ব্যবহার (Food use)
৬. খাদ্য নিরাপদ করণে সরকারি ও বেসরকারি সংস্থা এবং সর্বসাধারণের ভূমিকা চিহ্নিত করতে পারবে	• বাংলাদেশে খাদ্য নিরাপত্তা পরিস্থিতি
৭. খাদ্য ভেজাল প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিতে উদ্বুদ্ধ হবে।	• খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ
	• নিরাপদ খাদ্যের ধারণা ও গুরুত্ব
	• খাদ্য নিরাপদকরণে সরকার, বেসরকারি সংস্থার ও জনসাধারণের ভূমিকা

#### ষষ্ঠ অধ্যায় : অর্থায়ন (১০ পিরিয়ড )

শিখনফল	বিষয়বস্তু
১. অর্থায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবে।	• অর্থায়নের ধারণা
২. অর্থায়নের উৎসসমূহ বর্ণনা করতে পারবে।	• অর্থায়নের উৎস
৩. অর্থায়নের উৎস হিসাবে শেয়ার মার্কেটের সাথে বন্ড মার্কেটের তুলনা করতে পারবে।	— নিজস্ব সঞ্চয়
৪. প্রাইমারি শেয়ার ও সেকেন্ডারি শেয়ারের পার্থক্য দেখিয়ে তালিকা প্রস্তুত করতে পারবে।	— ব্যাংক ঋণ
৫. শিল্প পুঁজি গঠনে শেয়ার মার্কেটের অবদান ব্যাখ্যা করতে পারবে।	— এনজিও
৬. অর্থনৈতিক কর্মোদ্যোগে অর্থসংস্থানের বিভিন্ন উৎস সম্পর্ক জানতে এবং প্রয়োজনে এসব উৎস সেবা গ্রহণে উদ্বুদ্ধ হবে।	— পুঁজি বাজার (শেয়ার মার্কেট, বণ্ড মার্কেট, প্রাইমারি শেয়ার ও সেকেন্ডারি শেয়ার)
	— শিল্প পুঁজি গঠনে শেয়ার মার্কেটের অবদান

**সপ্তম অধ্যায় : মুদ্রাস্ফীতি (১০ পিরিয়ড )**

শিখনফল	বিষয়বস্তু
<ol style="list-style-type: none"> <li>১. মুদ্রাস্ফীতির ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. মুদ্রাস্ফীতি পরিমাপের পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৩. বিভিন্ন শ্রেণির ওপর মুদ্রাস্ফীতির প্রভাব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৪. বাংলাদেশে মুদ্রাস্ফীতি প্রতিকারের উপায়সমূহ ব্যাখ্যা করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>● মুদ্রাস্ফীতি</li> <li>– মুদ্রাস্ফীতির ধারণা</li> <li>– মুদ্রাস্ফীতির পরিমাপ</li> <li>– মুদ্রাস্ফীতির কারণ ও প্রভাব</li> <li>– বাংলাদেশে মুদ্রাস্ফীতির কারণ ও এর প্রতিকারের উপায়</li> </ul>

**অষ্টম অধ্যায় : আন্তর্জাতিক বাণিজ্য (১৬ পিরিয়ড )**

শিখনফল	বিষয়বস্তু
<ol style="list-style-type: none"> <li>১. আন্তর্জাতিক বাণিজ্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. অভ্যন্তরীণ বাণিজ্য ও আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে পার্থক্য চিহ্নিত করতে পারবে।</li> <li>৩. আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৪. প্রাপ্ত তথ্য ও উপাত্তের ভিত্তিতে বাংলাদেশে আন্তর্জাতিক বাণিজ্যে পরিবর্তনের ধারা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৫. বাংলাদেশের আমদানি ও রপ্তানিদ্রব্যের তালিকা প্রস্তুত করতে পারবে।</li> <li>৬. বাংলাদেশে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের উপায় চিহ্নিত করতে পারবে।</li> <li>৭. বিশ্বায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৮. বাংলাদেশের প্রেক্ষিতে বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্যের তুলনামূলক সুবিধা ব্যাখ্যা করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>● আন্তর্জাতিক বাণিজ্যের ধারণা</li> <li>● আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বাণিজ্য</li> <li>● আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্ব</li> <li>● বাংলাদেশে আন্তর্জাতিক বাণিজ্যে পরিবর্তনের ধারা</li> <li>● বাংলাদেশের আমদানি ও রপ্তানি দ্রব্য</li> <li>● রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের উপায়</li> <li>● বিশ্বায়নের ধারণা</li> <li>● বাণিজ্য বনাম বৈদেশিক সাহায্য</li> </ul>

**নবম অধ্যায় : সরকারি অর্থব্যবস্থা (১২ পিরিয়ড )**

শিখনফল	বিষয়বস্তু
<ol style="list-style-type: none"> <li>১. সরকারের আয়-ব্যয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. সরকারের ব্যয়ের উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।</li> <li>৩. সরকারি ব্যয়ের অর্থসংস্থানের উৎসসমূহ ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৪. সরকারের আয়ের গুরুত্বপূর্ণ খাতসমূহ বর্ণনা করতে পারবে।</li> <li>৫. সরকারি ঋণের উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।</li> <li>৬. সরকারি ঋণের বিভিন্ন উৎসের তুলনামূলক সুবিধা ও অসুবিধা ব্যাখ্যা করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>● সরকারের আয় ও ব্যয়</li> <li>● সরকারের ব্যয়ের উদ্দেশ্য</li> <li>● সরকারি ব্যয়ের অর্থসংস্থান</li> <li>● সরকারের আয়ের গুরুত্বপূর্ণ খাত- <ul style="list-style-type: none"> <li>– পণ্য কর (Commodity tax)</li> <li>– আয়কর (মজুরি এবং পুঁজি বিনিয়োগ থেকে)</li> </ul> </li> <li>● সরকারি ঋণের উদ্দেশ্য ও উৎসসমূহ</li> </ul>

**দশম অধ্যায় : উন্নয়ন পরিকল্পনা (১৮ পিরিয়ড )**

শিখনফল	বিষয়বস্তু
<ol style="list-style-type: none"> <li>১. উন্নয়ন পরিকল্পনার ধারণা ব্যাখ্যা করতে পারবে</li> <li>২. বিভিন্ন প্রকার উন্নয়ন পরিকল্পনার মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে</li> <li>৩. স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনার পারস্পরিক তুলনা করতে পারবে।</li> <li>৪. উন্নয়নশীল দেশে উন্নয়ন পরিকল্পনার গুরুত্ব বর্ণনা করতে পারবে</li> <li>৫. বাংলাদেশের পরিকল্পিত উন্নয়নের অভিজ্ঞতা বর্ণনা করতে পারবে।</li> <li>৬. ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য, লক্ষ্য, উন্নয়ন কৌশল এবং এর স্বাভাবিক ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৭. বাংলাদেশে দারিদ্র্য বিমোচনে উন্নয়ন পরিকল্পনার সাফল্য মূল্যায়ন করতে পারবে</li> <li>৮. দেশের উন্নয়নে গৃহীত পরিকল্পনার বাস্তবায়নে ইতিবাচক মনোভাব পোষণ করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>● উন্নয়ন পরিকল্পনার ধারণা</li> <li>● উন্নয়ন পরিকল্পনার প্রকারভেদ এবং এদের পারস্পরিক সম্পর্ক: <ul style="list-style-type: none"> <li>– দীর্ঘমেয়াদী পরিকল্পনা (Long term perspective plan)</li> <li>– মধ্যমেয়াদী পরিকল্পনা (Medium term plan)</li> <li>– বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (Annual Development plan)</li> </ul> </li> <li>● উন্নয়নশীল দেশে উন্নয়ন পরিকল্পনার গুরুত্ব</li> <li>● বাংলাদেশে উন্নয়ন পরিকল্পনার অভিজ্ঞতা (লক্ষ্যমাত্রা ও প্রবৃদ্ধি অর্জন, সম্পদবণ্টন ও অর্জন)</li> <li>● ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (উদ্দেশ্য, লক্ষ্যমাত্রা, উন্নয়ন কৌশল এবং খাত অনুযায়ী বণ্টন)</li> <li>● বাংলাদেশে দারিদ্র্য বিমোচনে উন্নয়ন পরিকল্পনার ভূমিকা</li> </ul>

পরিশিষ্ট: 'গ'

## শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড .....

এইসএসসি পরীক্ষা ২০.....

বিষয়: অর্থনীতি প্রথম পত্র (১০৯)

	অধ্যায়-১		অধ্যায়-২		অধ্যায়-৩		অধ্যায়-৪		অধ্যায়-৫		অধ্যায়-৬		অধ্যায়-৭		অধ্যায়-৮		অধ্যায়-৯		অধ্যায়-১০																		
LO নং	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ																	
১																																					
২																																					
৩																																					
৪																																					
৫																																					
৬																																					
৭																																					
৮																																					
৯																																					
১০																																					
১১																																					
১২																																					
১২																																					
১৩																																					
১৪																																					
১৫																																					
১৬																																					
১৭																																					

১৮																				
১৯																				
মোট																				

## শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড ... -----/ মাদ্রাসা শিক্ষা বোর্ড

এইসএসসি পরীক্ষা ২০.....

বিষয়: অর্থনীতি দ্বিতীয় পত্র (১১০)

	অধ্যায়-১		অধ্যায়-২		অধ্যায়-৩		অধ্যায়-৪		অধ্যায়-৫		অধ্যায়-৬		অধ্যায়-৭		অধ্যায়-৮		অধ্যায়-৯		অধ্যায়-১০	
LO নং	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ	MCQ	CQ
১																				
২																				
৩																				
৪																				
৫																				
৬																				
৭																				
৮																				
৯																				
১০																				
১১																				
১২																				
মোট																				

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়  
বিষয়: অর্থনীতি প্রথম পত্র (১০৯)

১. শ্রমের চাহিদার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য ?

- ক. জনসংখ্যা হ্রাস পেলে শ্রমের চাহিদা কমে  
খ. শ্রমের চাহিদা রেখা ভূমি অক্ষের সমান্তরাল  
গ. অনুবৃত্ত বিনিয়োগ পরিবেশে শ্রমের চাহিদা বাড়ে  
ঘ. প্রকৃত মজুরী বাড়লে শ্রমের চাহিদা বৃদ্ধি পায়

২. মূলধন বলতে বোঝায়-

- ক. মানুষ সৃষ্টি করে এমন উপাদান  
খ. প্রকৃতি হতে যা পাওয়া যায়  
গ. যা উৎপাদনে নেতৃত্ব দেয়  
ঘ. যা নিজ থেকেই কাজ করে

৩. কোনটি মিশ্র অর্থনীতির দেশের বৈশিষ্ট্য?

- ক. সোহেলের দেশে সরকার কখনও কখনও কোনো দ্রব্যের দাম নিয়ন্ত্রণ করে  
খ. রাফিবেলের দেশে সব জিনিসের দাম বাজারে নির্ধারিত হয়  
গ. শিখরের দেশে সবকিছুর উৎপাদন ও দাম নির্ধারণ করে কেন্দ্রীয় কর্তৃপক্ষ  
ঘ. ইমনের দেশে কোনো ধরনের সুদের কারবার নেই

নিচের উদ্দীপকের আলোকে ৪ নং প্রশ্নের উত্তর দাও:

নীচে বিভিন্ন দামে 'ক' দ্রব্যের চাহিদা ও যোগান সূচী দেওয়া হলো:

দাম (P)	চাহিদার পরিমাণ (Qd)	যোগানের পরিমাণ (Qs)
৫	২০	১০
১০	১৫	১৫
১৫	১০	২০

৪. 'ক' দ্রব্যের বাজারে -

- i. ৫ টাকা দামে অতিরিক্ত চাহিদার কারণে দাম বৃদ্ধির প্রবণতা থাকে  
ii. ১০ টাকা দামে ক্রয়-বিক্রয় সংঘটিত হয়  
iii. বিক্রেতা চাহিদাকে প্রভাবিত করে

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii  
খ. i ও iii  
গ. ii ও iii  
ঘ. i, ii ও iii

৫.  $C = a + bY$ , এই সমীকরণে  $bY$  কী নির্দেশ করে?

- ক. প্ররোচিত ভোগ  
খ. স্বয়ম্ভূত ভোগ  
গ. মোট ভোগ  
ঘ. গড় ভোগ

৬. যৌথমূলধনী কারবারের স্থায়ীত্ব বেশি হয় কেন?

- ক. সহজে মালিকানা পরিবর্তন করা যায়  
খ. কারবারের সিদ্ধান্ত গ্রহণে সুবিধা হয়  
গ. সরকারের আয়কর ছাড় পেয়ে থাকে  
ঘ. আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয়

নিচের উদ্দীপকের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

বিক্রয়ের পরিমাণ (Q)	মোট আয় (TR) (ফার্ম A)	মোট আয় (TR) (ফার্ম B)
১	২০	২০
২	৩৬	৪০
৩	৪৮	৬০
৪	৫৬	৮০
৫	৬০	১০০
৬	৬০	১২০

৭. উদ্দীপকে ফার্ম 'A' এর ৪ একক বিক্রয়ে প্রাপ্তিক আয় কত?

- ক. ২০  
খ. ১৬  
গ. ১২  
ঘ. ৮

<p>৮. উদ্দীপকের ফার্ম 'A' ও ফার্ম 'B' এর মধ্যে পার্থক্য-</p> <ol style="list-style-type: none"> <li>'A' ফার্মের বিক্রেতা কম, 'B' ফার্মের বেশি</li> <li>'A' ফার্ম দাম প্রণেতা 'B' ফার্ম দাম গ্রহীতা</li> <li>'A' ফার্মের বিজ্ঞাপনের প্রয়োজন হয় না 'B' ফার্মের প্রয়োজন হয়</li> </ol> <p>নিচের কোনটি সঠিক?</p> <ol style="list-style-type: none"> <li>i ও ii</li> <li>i ও iii</li> <li>ii ও iii</li> <li>i, ii ও iii</li> </ol> <p>৯. কেন্দ্রীয় ব্যাংক ঋণ সরবরাহ বৃদ্ধি করলে কী হয়?</p> <ol style="list-style-type: none"> <li>দামস্তর বৃদ্ধি পায়</li> <li>দামস্তর হ্রাস পায়</li> <li>বেকারত্ব বৃদ্ধি পায়</li> <li>উৎপাদন হ্রাস পায়</li> </ol>	<p>১০. স্বল্পকালে মোট আয় ও মোট পরিবর্তনশীল ব্যয়ের পার্থক্যকে কী বলে?</p> <ol style="list-style-type: none"> <li>মুনাফা</li> <li>নিম্ন খাজনা</li> <li>নিট খাজনা</li> <li>অনুপার্জিত আয়</li> </ol> <p>১১. পুঁজিবাদি অর্থব্যবস্থায় 'অদৃশ্য হাত' এর প্রভাবে-</p> <ol style="list-style-type: none"> <li>অর্থনৈতিক কর্মকাণ্ড নিজ স্বার্থে পরিচালিত হয়</li> <li>সরকারের সিদ্ধান্তে দ্রব্যের দাম নির্ধারিত হয়</li> <li>উৎপাদন ব্যবস্থায় শৃঙ্খলা থাকে না</li> <li>ব্যক্তি ইচ্ছানুযায়ী ভোগ করতে পারে না</li> </ol>
---	---

**বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়**  
**বিষয়: অর্থনীতি দ্বিতীয় পত্র (১১০)**

১. বৃটিশ আমলে বাংলার ব্যবসা-বাণিজ্য ধ্বংসের চিত্র কোন লেখকের গ্রন্থে বর্ণিত হয়েছে?

- ক. ফার্নান্দো ব্রডেল
- খ. ই. জে. হবসন
- গ. ড. নিহাররঞ্জন রায়
- ঘ. ড. আকবর আলী খান

২. কীভাবে মুদ্রাস্ফীতির হার কমানো যায়?

- ক. সরকারি বন্ডের সুদের হার হ্রাস করে
- খ. সরকারি উন্নয়ন কর্মকান্ড হ্রাস করে
- গ. প্রত্যক্ষ কর হ্রাস করে
- ঘ. ব্যাংক হার হ্রাস করে

৩. নিচের কোন দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার ২% হবে ?

- ক. 'ক' দেশের স্থূল জন্মহার ৫২ ও স্থূল মৃত্যুহার ৪২
- খ. 'খ' দেশের স্থূল জন্মহার ৩২ ও স্থূল মৃত্যুহার ২০
- গ. 'গ' দেশের স্থূল জন্মহার ৩২ ও স্থূল মৃত্যুহার ১২
- ঘ. 'ঘ' দেশের স্থূল জন্মহার ২০ ও স্থূল মৃত্যুহার ২২

**নিচের উদ্দীপকের আলোকে ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

কৃষক বশির তার বন্ধু কামালকে জানায় 'তিন বছর হলো জমিতে পর পর ধানের চাষ করছি, কিন্তু প্রতিবছরেই ফলন কমছে। এ বছর ধানের অর্ধেক চারাই মরে গেছে। টাকার অভাবে প্রয়োজনীয় উপকরণ কিনতে পারছি না'। কামাল বলল, 'তুমি কার্ড করোনি কেন? কার্ড থাকলে এখন কাজে লাগত। আর ফলন যখন কমে যাচ্ছে তখন মোবাইল ফোনে কথা বললেই পার'।

৪. কামালের বক্তব্য অনুসারে বশির পেতে পারে-

- i. ঋণ সহায়তা
- ii. উপকরণ সহায়তা
- iii. অধিক ফসলশীল ফসল ফলানোর পরামর্শ সহায়তা

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৫. সরকারি ব্যয়ের অর্থসংস্থানের প্রধান উৎস কোনটি?

- ক. বৈদেশিক ঋণ
- খ. রাজস্ব আয়
- গ. মূলধনী আয়
- ঘ. টাকা ছাপানো

৬. অর্থায়ন বলতে কী বুঝায়?

- ক. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক নতুন নোট ছাপানো
- খ. কোম্পানী কর্তৃক মুনাফা অর্জন
- গ. বিনিয়োগের উদ্দেশ্যে ব্যবসার পুঁজি সংগ্রহ
- ঘ. বানিজ্যিক ব্যাংকে আমানত রাখা

**নিচের উদ্দীপকের আলোকে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

একটি দেশে টেলিভিশন তৈরি হয় আবার বিদেশ থেকেও আমদানি করা হয়। একটি নির্দিষ্ট বছরে ঐ দেশের সরকার বাজেটে টেলিভিশন তৈরির কাঁচামালে আমদানি শুল্ক ২৫% হতে কমিয়ে ১০% এ নামিয়ে আনার প্রস্তাব করেছেন। একই সংগে দেশীয় অন্যান্য শিল্প যেমন তৈরি পোশাক, চা, চামড়া ও কাগজ ইত্যাদির ক্ষেত্রে কাঁচামাল আমদানি শুল্ক হ্রাস ও করহার হ্রাস করেছেন। এছাড়া দেশের ভৌত অবকাঠামো নির্মাণে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) এর জন্য প্রায় ১৫০০০ কোটি টাকা বরাদ্দ রেখেছেন।

৭. টেলিভিশন তৈরির কাঁচামালের উপর শুল্ক হ্রাসের প্রস্তাব শিল্পায়নের ক্ষেত্রে সরকারের কোন ধারণার প্রতিফলন ঘটেছে?

- ক. রপ্তানিমুখী শিল্পায়ন
- খ. আমদানি বিকল্প শিল্পায়ন
- গ. কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন
- ঘ. রপ্তানিশিল্পের পুনর্বাসন ও উন্নয়ন

৮. উদ্দীপকে বর্ণিত শিল্প সহায়তা ও বাজেট বরাদ্দের প্রভাবে -

- i. বিভিন্ন মেয়াদি উন্নয়ন পরিকল্পনা করা সহজ হবে।
- ii. বৈদেশিক বানিজ্য ঘাটতি হ্রাস পাবে।
- iii. আমদানি বৃদ্ধি পাবে।

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii



<p>৯. রপ্তানী বৃদ্ধির জন্য সরকারি পদক্ষেপ কী ধরনের হতে পারে ?</p> <p>ক. উৎপাদন উপকরণের দামে প্রণোদনা দেয়া</p> <p>খ. আমদানি শুল্কের পরিমাণ বৃদ্ধি করা</p> <p>গ. দেশীয় মুদ্রার মান বৃদ্ধি করা</p> <p>ঘ. প্রত্যক্ষ কর বাড়িয়ে দেয়া</p>	<p>১০. স্বল্পমেয়াদী পরিকল্পনার বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. অস্থায়ী</p> <p>খ. টেকসই</p> <p>গ. অধিক কার্যকরী</p> <p>ঘ. জাতীয় স্বার্থ সংরক্ষণ</p>
---	--

**বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ**  
**বিষয় : অর্থনীতি প্রথম ও দ্বিতীয় পত্র (কোড নং- ১০৯ ও ১১০)**  
**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

১. অর্থনীতিতে যোগান কোনটির উপর নির্ভরশীল?

- ক. ভোগ
- খ. চাহিদা
- গ. উৎপাদন
- ঘ. বিনিয়োগ

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

২. বিনিয়োগকারীর ক্ষেত্রে শেয়ার ও বন্ডের পার্থক্য -

- i. শেয়ার হোল্ডার কোম্পানির মালিক কিন্তু বন্ডধারী শুধু ঋণদাতা
- ii. শেয়ার মেয়াদ থাকে কিন্তু বন্ডের নির্ধারিত কোন মেয়াদ থাকে না
- iii. শেয়ারের ঝুঁকি কম অন্যদিকে বন্ডের ঝুঁকি বেশি

নিচের কোনটি সঠিক?

- ক. i
- খ. ii
- গ. i ও iii
- ঘ. ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন**

নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:

একটি দেশে টেলিভিশন তৈরি হয় আবার বিদেশ থেকেও আমদানি করা হয়। একটি নির্দিষ্ট বছরে ঐ দেশের সরকার বাজেটে টেলিভিশন তৈরির কাঁচামালে আমদানি শুল্ক ২৫% হতে কমিয়ে ১০% এ নামিয়ে আনার প্রস্তাব করেছেন। একই সংগে দেশীয় অন্যান্য শিল্প যেমন তৈরি পোশাক, চা, চামড়া ও কাগজ ইত্যাদির ক্ষেত্রে কাঁচামাল আমদানি শুল্ক হ্রাস ও করহার হ্রাস করেছেন। এছাড়া দেশের ভৌত অবকাঠামো নির্মাণে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) এর জন্য প্রায় ১৫০০০ কোটি টাকা বরাদ্দ রেখেছেন।

৭. টেলিভিশন তৈরির কাঁচামালের উপর শুল্ক হ্রাসের প্রস্তাব শিল্পায়নের ক্ষেত্রে সরকারের কোন ধারণার প্রতিফলন ঘটেছে?

- ক. রপ্তানিমুখী শিল্পায়ন
- খ. আমদানি বিকল্প শিল্পায়ন
- গ. কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন
- ঘ. রপ্তানিশিল্পের পুনর্বাসন ও উন্নয়ন

৮. উদ্দীপকে বর্ণিত শিল্প সহায়তা ও বাজেট বরাদ্দের প্রভাবে -

- i. বিভিন্ন মেয়াদি উন্নয়ন পরিকল্পনা করা সহজ হবে।
- ii. বৈদেশিক বানিজ্য ঘাটতি হ্রাস পাবে।
- iii. আমদানি বৃদ্ধি পাবে।

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখঃ ০৮ অক্টোবর ১৪১৬  
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(খন্দকার রাশিদের রহমান)  
যুগ্ম-সচিব(মাধ্যমিক)  
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ :**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় : অর্থনীতি প্রথম ও দ্বিতীয় পত্র (কোড নং- ১০৯ ও ১১০)

<p>১. বিপরীতমুখী সম্পর্কের কারণে দ্রব্যের দাম বাড়লে চাহিদার পরিমাণ-</p> <p>ক. কমে</p> <p>খ. বাড়ে</p> <p>গ. শূন্য হয়</p> <p>ঘ. স্থির থাকে</p>	<p>৬. কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?</p> <p>ক. নোট প্রচলন</p> <p>খ. আমানত গ্রহণ</p> <p>গ. ঋণদান</p> <p>ঘ. অর্থ স্থানান্তর</p>
<p>২. অর্থনীতিতে দুস্ত্রাপ্যতা বলতে যে বিষয়কে বোঝানো হয়েছে, তা হলো-</p> <p>ক. সঞ্চয়ের স্বল্পতা</p> <p>খ. বিনিয়োগের স্বল্পতা</p> <p>গ. মূলধনের স্বল্পতা</p> <p>ঘ. সম্পদের স্বল্পতা</p>	<p>৭. কোন দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপক নয়?</p> <p>ক. লবণ</p> <p>খ. গাড়ী</p> <p>গ. অলংকার</p> <p>ঘ. আইসক্রিম</p>
<p>৩. আমদানি বিকল্প শিল্পের প্রয়োজনীয়তা কী ?</p> <p>ক. অর্থনৈতিক প্রবৃদ্ধির হার</p> <p>খ. প্রতিকূল লেনদেন ভারসাম্য</p> <p>গ. রপ্তানি বাণিজ্য বৃদ্ধিকরণ</p> <p>ঘ. বৈদেশিক মুদ্রার সাশ্রয়</p>	<p>৭. সোহেল সাহেবের কাছে সিগারেটের চাহিদার স্থিতিস্থাপকতা কেমন?</p> <p>ক. অসীম</p> <p>খ. এককের চেয়ে বেশি</p> <p>গ. একের সমান</p> <p>ঘ. এককের চেয়ে কম</p>
<p>৪. বাংলাদেশের মুদ্রাস্ফীতির প্রধান কারণ কোনটি?</p> <p>ক. ধাতব ও কাগজি মুদ্রার প্রচলন বৃদ্ধি</p> <p>খ. শ্রমের মজুরি বৃদ্ধি</p> <p>গ. পরোক্ষ কর বৃদ্ধি</p> <p>ঘ. আমদানি ব্যয় বৃদ্ধি</p>	<p>একজন ভোক্তা ১টি কমলা ভোগ করে ১০ ইউটিল উপযোগ পায়। ঐ ভোক্তা ২টি কমলা ভোগ করে ১৮ ইউটিল উপযোগ পায়।</p>
<p>ফরিদপুর চিনিকল লি. হচ্ছে জেলার একমাত্র চিনিকল। প্রতিষ্ঠানটি শুধু ঐ জেলার আখচাষীদের নিকট থেকে মৌসুমে আখ ক্রয় করে।</p>	<p>৯. এক্ষেত্রে কমলার প্রান্তিক উপযোগ কত ইউটিল?</p> <p>ক. ১৮</p> <p>খ. ১০</p> <p>গ. ১</p> <p>ঘ. ৮</p>
<p>৫. এখানে আখের বাজারটি হচ্ছে -</p> <p>i. স্থানীয়</p> <p>ii. পূর্ণ প্রতিযোগিতামূলক</p> <p>iii. অপূর্ণ প্রতিযোগিতামূলক</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>১০. কোনটি সরকারি ঋণের উদ্দেশ্য?</p> <p>ক. আয় বৈষম্য দূর করা</p> <p>খ. আমদানি ব্যয় কমানো</p> <p>গ. সমাজকল্যাণ নিশ্চিত করা</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>

<p>১১. কোনটি জনসংখ্যা নিয়ন্ত্রনের নিবারণমূলক ব্যবস্থা?</p> <p>ক. এহামারী</p> <p>খ. বিলম্ব বিবাহ</p> <p>গ. প্রাকৃতিক নিরোধ</p> <p>ঘ. চরম দারিদ্র</p>	<p>১৫. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. কৃষির উপর নির্ভরশীলতা</p> <p>খ. কারিগরি জ্ঞানের অভাব</p> <p>গ. প্রতিকূল সামাজিক পরিবেশ</p> <p>ঘ. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার</p>
<p>১২. শ্রমের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. ক্ষণস্থায়ী</p> <p>খ. জীবন্ত</p> <p>গ. গতিশীল</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>	<p>১৬. খাদ্য নিরাপত্তা ধারণা হচ্ছে -</p> <p>ক. প্রাপ্যতা ও স্থায়িত্ব</p> <p>খ. বৈচিত্র্যময় খাদ্যের উৎপাদন</p> <p>গ. অধিক হারে খাদ্যের সংরক্ষণ</p> <p>ঘ. অবাধ বাণিজ্য</p>
<p>জনাব রাসেল একজন খাতা উৎপাদনকারী। ২০ টাকা দামে তিনি ১০০ একক খাতা বিক্রি করেন। খাতার দাম বৃদ্ধি পেয়ে ৩০ টাকা হলে তিনি ১২৫ একক খাতা বিক্রি করেন। খাতার দাম বৃদ্ধি পাওয়ায় ক্রেতাদের মোট ব্যয় বেড়ে যায়।</p> <p>১৩. উদ্দীপকে পণ্যটির যোগানে স্থিতিস্থাপকতা কত?</p> <p>ক. অসীম</p> <p>খ. একের চেয়ে বেশি</p> <p>গ. একের সমান</p> <p>ঘ. একের চেয়ে কম</p>	<p>১৭. বিশ্বায়নের যুগে অর্থনীতির বিকাশে কোনটি মূখ্য?</p> <p>ক. শিক্ষার ভূমিকা</p> <p>খ. তথ্য প্রযুক্তির ভূমিকা</p> <p>গ. জনগণের ভূমিকা</p> <p>ঘ. সরকারের ভূমিকা</p>
<p>১৪. কোনটি উৎপাদনের উৎপাদিত উপাদান?</p> <p>ক. শ্রম</p> <p>খ. মূলধন</p> <p>গ. ভূমি</p> <p>ঘ. বাজার</p>	

**ঋটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের ঋটিমুক্ত রূপ**  
**বিষয় : অর্থনীতি প্রথম ও দ্বিতীয় পত্র (কোড নং- ১০৯ ও ১১০)**

ঋটিযুক্ত রূপ	ঋটিমুক্ত রূপ
<b>১. উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।</b>	
১. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য কোনটি? ক. প্রাথমিক খাতের প্রাধান্য খ. কারিগরি জ্ঞানের অভাব গ. প্রতিকূল সামাজিক পরিবেশ ঘ. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার	১. বাংলাদেশের অর্থনীতির প্রধান বৈশিষ্ট্য কোনটি? ক. প্রাথমিক খাতের প্রাধান্য খ. কারিগরি জ্ঞানের অভাব গ. প্রতিকূল সামাজিক পরিবেশ ঘ. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার
<b>২. উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।</b>	
২. অর্থনীতিতে দুষ্প্রাপ্যতা বলতে যে বিষয়কে বোঝানো হয়েছে, তা হলো- ক. সম্বয়ের স্বল্পতা খ. বিনিয়োগের স্বল্পতা গ. মূলধনের স্বল্পতা ঘ. সম্পদের স্বল্পতা	২. অর্থনীতিতে দুষ্প্রাপ্যতা হচ্ছে - ক. সম্বয়ের স্বল্পতা খ. বিনিয়োগের স্বল্পতা গ. মূলধনের স্বল্পতা ঘ. সম্পদের স্বল্পতা
<b>৩. উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।</b>	
জনাব রাসেল একজন খাতা উৎপাদনকারী। ২০ টাকা দামে তিনি ১০০ একক খাতা বিক্রি করেন। খাতার দাম বৃদ্ধি পেয়ে ৩০ টাকা হলে তিনি ১২৫ একক খাতা বিক্রি করেন। খাতার দাম বৃদ্ধি পাওয়ায় ক্রেতাদের মোট ব্যয় বেড়ে যায়।  ৩. উদ্দীপকে পণ্যটির যোগানে স্থিতিস্থাপকতা কত? ক. অসীম খ. একের চেয়ে বেশি গ. একের সমান ঘ. একের চেয়ে কম	রাসেল ২০ টাকা দামে ১০০ একক খাতা বিক্রি করেন। খাতার দাম বৃদ্ধি পেয়ে ৩০ টাকা হলে তিনি ১২৫ একক খাতা বিক্রি করেন  ৩. উদ্দীপকে পণ্যটির যোগানে স্থিতিস্থাপকতা কত? ক. অসীম খ. একের চেয়ে বেশি গ. একের সমান ঘ. একের চেয়ে কম
<b>৪. উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলো কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।</b>	
৪. বিশ্বায়নের যুগে অর্থনীতির বিকাশে কোনটি মূখ্য? ক. শিক্ষার ভূমিকা খ. তথ্য প্রযুক্তির ভূমিকা গ. জনগণের ভূমিকা ঘ. সরকারের ভূমিকা	৪. বিশ্বায়নের যুগে অর্থনীতির বিকাশে কোনটির ভূমিকা মূখ্য? ক. শিক্ষা খ. তথ্য প্রযুক্তি গ. জনগণ ঘ. সরকার
<b>৫. (ক) উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।</b>	
৫. (ক) কোন দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপক নয়? ক. লবণ খ. গাড়ী গ. অলংকার ঘ. আইসক্রিম	৫. (ক) কোন দ্রব্যের চাহিদা অস্থিতিস্থাপক? ক. লবণ খ. গাড়ী গ. অলংকার ঘ. আইসক্রিম
<b>৫. (খ) না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।</b>	
৫. (খ) কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? ক. আমানত গ্রহণ খ. অর্থ স্থানান্তর গ. নোট প্রচলন ঘ. ঋণদান	৫. (খ) কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? ক. আমানত গ্রহণ খ. অর্থ স্থানান্তর গ. নোট প্রচলন ঘ. ঋণদান

ক্রটিমুক্ত রূপ	ক্রটিমুক্ত রূপ
৬. উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৬. বিপরীতমুখী সম্পর্কের কারণে দ্রব্যের দাম বাড়লে চাহিদার পরিমাণ- ক. কমে খ. বাড়ে গ. শূন্য হয় ঘ. স্থির থাকে	৬. সাধারণত দ্রব্যের দাম বাড়লে চাহিদার পরিমাণ- ক. কমে খ. বাড়ে গ. শূন্য হয় ঘ. স্থির থাকে
৭. নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
শিল্পপতি সোহেল সাহেব একজন চেইন স্মোকার, প্রতিদিন তিনি ২০টি সিগারেট টানেন। সিগারেটের দাম ব্যাপক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও তিনি সিগারেট টানা কমালেন না।  ৭. সোহেল সাহেবের কাছে সিগারেটের চাহিদার স্থিতিস্থাপকতা কেমন? ক. অসীম খ. এককের চেয়ে বেশি গ. একের সমান ঘ. এককের চেয়ে কম	সোহেল সাহেব একজন ডায়াবেটিসের রোগী, প্রতিদিন তিনি তিনবার ইনসুলিন গ্রহণ করেন। ইনসুলিনের দাম বৃদ্ধি পাওয়ায় ঔষধ বাবদ তার মোট ব্যয় বেড়ে যায়।  ৭. সোহেল সাহেবের কাছে ইনসুলিনের চাহিদার স্থিতিস্থাপকতা কেমন? ক. অসীম খ. এককের চেয়ে বেশি গ. একের সমান ঘ. এককের চেয়ে কম
৮. বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৮. আমদানি বিকল্প শিল্পের প্রয়োজনীয়তা কী? ক. অর্থনৈতিক প্রবৃদ্ধির হার খ. প্রতিকূল লেনদেন ভারসাম্য গ. রপ্তানি বাণিজ্য বৃদ্ধিকরণ ঘ. বৈদেশিক মুদ্রার সাশ্রয়	৮. আমদানি বিকল্প শিল্পের প্রয়োজনীয়তা কী? ক. অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বৃদ্ধি খ. প্রতিকূল লেনদেন ভারসাম্য গ. বৈদেশিক মুদ্রার অপচয় ঘ. বৈদেশিক মুদ্রার সাশ্রয়
৯. বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
৯. খাদ্য নিরাপত্তা হচ্ছে - ক. প্রাপ্যতা ও স্থায়িত্ব খ. বৈচিত্র্যময় খাদ্যের উৎপাদন গ. অধিক হারে খাদ্যের সংরক্ষণ ঘ. খাদ্য দ্রব্যের অবাধ বাণিজ্য	৯. খাদ্য নিরাপত্তা হচ্ছে- ক. খাদ্যের প্রাপ্যতা ও স্থায়িত্ব খ. বৈচিত্র্যময় খাদ্য উৎপাদন গ. অধিক হারে খাদ্যের সংরক্ষণ ঘ. খাদ্য দ্রব্যের অবাধ বাণিজ্য
১০. পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১০. কোনটি উৎপাদনের উৎপাদিত উপাদান? ক. ভূমি খ. শ্রম গ. মূলধন ঘ. ডল্ল	১০. কোনটি উৎপাদনের উৎপাদিত উপাদান? ক. ভূমি খ. শ্রম গ. মূলধন ঘ. সংগঠন
১১. বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাচাক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
একজন ভোক্তা ১টি কমলা ভোগ করে ১০ ইউটিল উপযোগ পায়। ঐ ভোক্তা ২টি কমলা ভোগ করে ১৮ ইউটিল উপযোগ পায়।  ১১. এক্ষেত্রে কমলার প্রান্তিক উপযোগ কত ইউটিল? ক. ১৮ খ. ১০ গ. ১ ঘ. ৮	একজন ভোক্তা ১টি কমলা ভোগ করে ১০ ইউটিল উপযোগ পায়। ঐ ভোক্তা ২টি কমলা ভোগ করে ১৮ ইউটিল উপযোগ পায়।  ১১. এক্ষেত্রে কমলার প্রান্তিক উপযোগ কত ইউটিল? ক. ১ খ. ৮ গ. ১০ ঘ. ১৮

ক্রটিমুক্ত রূপ	ক্রটিমুক্ত রূপ
<b>১২. বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।</b>	
<p>১২. বাংলাদেশের মুদ্রাস্ফীতির প্রধান কারণ কোনটি?</p> <p>ক. ধাতব ও কাগজি মুদ্রার প্রচলন বৃদ্ধি</p> <p>খ. শ্রমের মজুরি বৃদ্ধি</p> <p>গ. পরোক্ষ কর বৃদ্ধি</p> <p>ঘ. আমদানি ব্যয় বৃদ্ধি</p>	<p>১২. বাংলাদেশের মুদ্রাস্ফীতির প্রধান কারণ কোনটি?</p> <p>ক. অর্থের যোগান বৃদ্ধি</p> <p>খ. শ্রমের মজুরি বৃদ্ধি</p> <p>গ. পরোক্ষ কর বৃদ্ধি</p> <p>ঘ. আমদানি ব্যয় বৃদ্ধি</p>
<b>১৩. (ক) বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।</b>	
<p>ফরিদপুর চিনিকল লি. হচ্ছে জেলার একমাত্র চিনিকল। প্রতিষ্ঠানটি শুধু ঐ জেলার আখচাষীদের নিকট থেকে মৌসুমে আখ ক্রয় করে।</p> <p>১৩. (ক) এখানে আখের বাজারটি হচ্ছে -</p> <p>i. স্থানীয়</p> <p>ii. পূর্ণ প্রতিযোগিতামূলক</p> <p>iii. অপূর্ণ প্রতিযোগিতামূলক</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>ফরিদপুর চিনিকল লি. হচ্ছে জেলার একমাত্র চিনিকল। প্রতিষ্ঠানটি শুধু ঐ জেলার আখচাষীদের নিকট থেকে মৌসুমে আখ ক্রয় করে।</p> <p>১৩. (ক) এখানে আখের বাজারটি হচ্ছে -</p> <p>i. স্থানীয়</p> <p>ii. মনোপসনি</p> <p>iii. অলিগোপলি</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
<b>১৩. (খ) বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।</b>	
<p>১৩(খ). কোনটি জনসংখ্যা নিয়ন্ত্রনের নিবারণমূলক ব্যবস্থা?</p> <p>ক. মহামারী</p> <p>খ. বিলম্ব বিবাহ</p> <p>গ. প্রাকৃতিক নিরোধ</p> <p>ঘ. চরম দারিদ্র</p>	<p>১৩ (খ). কোনটি জনসংখ্যা নিয়ন্ত্রনের নিবারণমূলক ব্যবস্থা?</p> <p>ক. মহামারী</p> <p>খ. বিলম্ব বিবাহ</p> <p>গ. ঘূর্ণিঝড়</p> <p>ঘ. চরম দারিদ্র</p>
<b>১৪.১ বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।</b>	
<p>১৪.১ শ্রমের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. জীবন্ত</p> <p>খ. ক্ষণস্থায়ী</p> <p>গ. গতিশীল</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>	<p>১৪.১ শ্রমের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. জীবন্ত</p> <p>খ. নিষ্ক্রিয়</p> <p>গ. চিরস্থায়ী</p> <p>ঘ. অসীম যোগান</p>
<b>১৪. ২ বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।</b>	
<p>১৪. ২ কোনটি সরকারি ঋণের উদ্দেশ্য?</p> <p>ক. আয় বৈষম্য দূর করা</p> <p>খ. আমদানি ব্যয় কমানো</p> <p>গ. সমাজকল্যাণ নিশ্চিত করা</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৪. ২ কোনটি সরকারি ঋণের উদ্দেশ্য?</p> <p>ক. আয় বৈষম্য দূর করা</p> <p>খ. আমদানি ব্যয় কমানো</p> <p>গ. বাজেটের ঘাটতি পূরণ</p> <p>ঘ. সমাজকল্যাণ নিশ্চিতকরণ</p>



পরিশিষ্ট: 'ব্য'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড -----/ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
পরীক্ষার নাম----- ২০---- খ্রিস্টাব্দ  
বিষয়: অর্থনীতি প্রথম পত্র (কোড নং- ১০৯)

চিহ্নিত দক্ষতার স্তর		অধ্যায়									মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম		
উচ্চতর দক্ষতা											৪	১৫%
প্রয়োগ দক্ষতা											৮	২৫%
অনুধাবন দক্ষতা											৮	২৫%
জ্ঞান দক্ষতা											১০	৩৫%
মোট											৩০	১০০%

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
পরীক্ষার নাম----- ২০--- খ্রিস্টাব্দ  
বিষয় অর্থনীতি: দ্বিতীয় পত্র (কোড নং- ১১০)

চিহ্নিত দক্ষতার স্তর	অধ্যায়										মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম		
উচ্চতর দক্ষতা											৪	১৫%
প্রয়োগ দক্ষতা											৮	২৫%
অনুধাবন দক্ষতা											৮	২৫%
জ্ঞান দক্ষতা											১০	৩৫%
মোট											৩০	১০০%

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
পরীক্ষার নাম----- ২০--- খ্রিস্টাব্দ  
বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	


এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

**সৃজনশীল প্রশ্নের উদাহরণ**  
**বিষয়: অর্থনীতি প্রথম (কোড নং- ১০৯)**

$$Q_1 = 100 - 20P \text{ ----- (1)}$$

$$Q_2 = -20 + 10P \text{ ----- (2)}$$

১. (ক) উপযোগ কী? ১
- (খ) যোগান রেখা কেন ডান দিকে উর্ধ্বগামী হয়? ব্যাখ্যা করো। ২
- (গ) উদ্দীপকের (1) নং সমীকরণের ভিত্তিতে রেখাচিত্র অংকন করো। ৩
- (ঘ) উদ্দীপকের (1) নং ও (2) নং সমীকরণের ভিত্তিতে ভারসাম্য দাম নির্ণয় করে ভারসাম্য দামের উপর ৪
- ওপর যোগান বৃদ্ধির প্রভাব বিশ্লেষণ করো।

<p><b>দৃশ্য কল্প-১</b></p> <p>বিবাহ বার্ষিকী উপলক্ষে স্বামী তার স্ত্রীকে উপহার দেওয়ার সিদ্ধান্ত নিয়ে বাজারে যান। স্বামী অনেক দোকান ঘুরে কয়েকটা ব্র্যান্ডের মধ্য হতে দাম যাচাই করে স্ত্রীর জন্য একটি জামদানি শাড়ী কিনলেন।</p>	<p><b>দৃশ্যকল্প-২</b></p> 
--	---

২. (ক) বাজার কাকে বলে? ১
- (খ) একচেটিয়া বাজারে ফার্ম এবং শিল্প অভিন্ন কেন? ব্যাখ্যা করো। ২
- (গ) দৃশ্যকল্প-১ এ জামদানি শাড়ী'র বাজারটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- (ঘ) দৃশ্যকল্প-২ এ একটি ফার্ম ভারসাম্য অবস্থায় যে পরিস্থিতিতে আছে তা চিহ্নিতপূর্বক যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

## বিষয় অর্থনীতি: দ্বিতীয় পত্র (কোড নং- ১১০)

‘ক’ দেশের জনসংখ্যা ১০ কোটি। কোনো বছরে ঐ দেশে ২০ লক্ষ ২৫ হাজার শিশু জন্মগ্রহণ করে এবং ৪ লক্ষ ৫০ হাজার লোক মৃত্যুবরণ করে। শিশুরা অসুখ হলে চিকিৎসা পায় না, সবাই স্কুলে যেতে পারে না। এ দেশে জনগনের বেঁচে থাকার জন্য পর্যাপ্ত খাদ্যের যোগান না থাকলেও প্রতি বছর জনসংখ্যা বেড়েই চলেছে। এর ফলে দেশে বেকারের সংখ্যা বাড়ছে। অন্যদিকে ‘খ’ দেশে যে পরিমাণ সম্পদ ও কল কারখানা রয়েছে তা ব্যবহার করে প্রতিবছরই তাদের আয় বৃদ্ধি পাচ্ছে। ফলে পরিবারের সবাই প্রতিদিন সুস্বাদু খাবার খাচ্ছে এবং সকল শিশুরা ভালো স্কুলে পড়তে পারছে।

১. ক. আত্মকর্মসংস্থান কী? ১
- খ. শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়ন করে- ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের আলোকে ‘ক’ দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় করো। ৩
- ঘ. উদ্দীপকে ‘ক’ ও ‘খ’ দেশের আর্থ- সামাজিক অবস্থা জনসংখ্যা তত্ত্বের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

দৃশ্যকল্প - ১: আসিফ ও সাব্বির একদিন ঢাকা শহরে বেড়াতে এসে একটি বড় ফ্লাইওভার দেখতে গেলো।

আসিফ : সরকার একা এত বড় কাজ করলো কিভাবে?

সাব্বির : আরে না, সরকার একা করেনি তো। বেসরকারি প্রতিষ্ঠান ‘সততা গ্রুপ’ সাথে আছে।

আসিফ : তাহলে তো কাজটা খুব ভালো হয়েছে।

দৃশ্যকল্প - ২: জামাল সাহেব তার গ্রামের নিজ বাড়িতে, পরিবারের সকল সদস্য মিলে, বাঁশ ও বেতের দ্বারা পন্য উৎপাদন করে বিক্রি করেন। তার গ্রামের কবির সাহেব একটি স্বনামধন্য কারখানার মালিক। তার প্রতিষ্ঠানে ৫৫০ জন শ্রমিক কাজ করে এবং বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ৩০০ কোটি টাকা যার একটি বড় অংশ পুঁজিবাজার থেকে সংগৃহীত। দুজনই দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে গ্রামবাসী তাদের নিয়ে খুবই গর্বিত।

২. ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
- খ. শিল্পোন্নয়ন কীভাবে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি করে? ২
- গ. আসিফ ও সাব্বিরের কথোপকথনে পাঠ্যপুস্তকের কোন উদ্যোগের ধারণা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত জামাল সাহেব ও কবির সাহেবের শিল্প প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

বিষয়: বিষয়: অর্থনীতি প্রথম পত্র (১০৯)

$$Q_1 = 100 - 20P \text{ ----- (1)}$$

$$Q_2 = -20 + 10P \text{ ----- (2)}$$

১. (ক) উপযোগ কী? ১
- (খ) যোগান রেখা কেন ডান দিকে উর্ধ্বগামী হয়? ব্যাখ্যা করো। ২
- (গ) উদ্দীপকের (১) নং সমীকরণের ভিত্তিতে রেখাচিত্র অংকন করো। ৩
- (ঘ) যোগান বৃদ্ধির ফলে (২) সমীকরণে -20 এর স্থলে -10 হলে ভারসাম্য দামের উপর যোগান বৃদ্ধির প্রভাব ৪
- বিশ্লেষণ করো।

১ক. উপযোগ কী?

নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ ক.	১	জ্ঞান	১	উপযোগের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:


উত্তর: কোন দ্রব্য বা সেবার অভাব মেটানোর ক্ষমতাকে উপযোগ বলে।

১খ. যোগান রেখা কেন ডান দিকে উর্ধ্বগামী হয়? ব্যাখ্যা করো।

নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ খ.	২	অনুধাবন	২	দামের সাথে যোগানের ধনাত্মক সম্পর্কের ব্যাখ্যা লিখতে পারলে
		জ্ঞান	১	দামের সাথে যোগানের ধনাত্মক সম্পর্ক লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:



যোগান বিধি অনুসারে অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে দামের সাথে যোগানের ধনাত্মক সম্পর্ক পরিলক্ষিত হয়। অর্থাৎ দাম বাড়লে যোগান বাড়ে, দাম কমলে যোগান কমে। রেখাচিত্রে লক্ষ্যনীয় যে দাম  $P_1$  হতে বৃদ্ধি পেয়ে  $P_2$  হলে যোগানের পরিমাণ  $Q_1$  হতে বৃদ্ধি পেয়ে  $Q_2$  হয়, যা দামের সাথে যোগানের ধনাত্মক সম্পর্ক নির্দেশ করে। এ জন্য যোগান রেখা ডান দিকে উর্ধগামী হয়। (উপরের চিত্র না ঐকেও যদি ব্যাখ্যা দিতে পারে, তাহলেও চলবে)

১ গ. উদ্দীপকের (1) নং সমীকরণের ভিত্তিতে রেখাচিত্র অংকন করো।

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স


প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ গ.	৩	প্রয়োগ	৩	(1) নং সমীকরণের ভিত্তিতে তালিকা প্রস্তুত করে রেখাচিত্র অংকন করতে পারলে
		অনুধাবন	২	(1) নং সমীকরণের ভিত্তিতে তালিকা প্রস্তুত করে অক্ষদ্বয়ে দাম ও পরিমাণ চিহ্নিত করতে পারলে
		জ্ঞান	১	(1) নং সমীকরণ থেকে রেখাচিত্র অংকনের জন্য একটি তালিকা প্রস্তুত করতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

সমীকরণটি থেকে রেখাচিত্র অংকনের জন্য প্রথমেই একটি তালিকা প্রস্তুত করা হলো-

P	Q <sub>1</sub>
1	80
2	60
3	40
4	20

প্রাপ্ত তালিকা থেকে নিচে রেখা চিত্র অংকন করা হলো-



চিত্রে HE একটি চাহিদা রেখা যা বাম থেকে ডানে নিম্নগামী।

১ ঘ. যোগান বৃদ্ধির ফলে (2) সমীকরণে -20 এর স্থলে -10 হলে ভারসাম্য দামের উপর যোগান বৃদ্ধির প্রভাব বিশ্লেষণ করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ ঘ.	৪	উচ্চতর দক্ষতা	৪	(1) নং ও (2) নং সমীকরণ থেকে ভারসাম্য দাম নির্ণয় করে নতুন যোগান সমীকরণ বিবেচনাপূর্বক ভারসাম্য দামের উপর যোগান বৃদ্ধির প্রভাব বিশ্লেষণ করতে পারলে
		প্রয়োগ	৩	(1) নং ও (2) নং সমীকরণ থেকে ভারসাম্য দাম নির্ণয় করতে পারলে
		অনুধাবন	২	(1) নং ও (2) নং সমীকরণ থেকে ভারসাম্য দাম নির্ধারণের জন্য তালিকা প্রস্তুত করে অক্ষদ্বয়ে দাম ও পরিমাণ চিহ্নিত করতে পারলে
		জ্ঞান	১	(1) নং ও (2) নং সমীকরণ থেকে ভারসাম্য দাম নির্ধারণের জন্য তালিকা প্রস্তুত করতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তর:



যে দামে চাহিদা ও যোগানের পরিমাণ সমান তাকে ভারসাম্য দাম বলে। যেহেতু চাহিদা ও যোগানের ভিত্তিতে ভারসাম্য দাম নির্ধারিত হয় সেহেতু চাহিদা বা যোগানের পরিবর্তন হলে ভারসাম্য দাম প্রভাবিত হবে। উদ্দীপকের (1) নং ও (2) নং সমীকরণ থেকে ভারসাম্য দাম নির্ধারণের জন্য নিচের তালিকা প্রস্তুত করা হলো –

$$100 - 20P \text{ ----- (1)}$$


$$Q_2 = -20 + 10P \text{ ----- (2)}$$

এখানে (1) নং চাহিদা সমীকরণ এবং (2) নং যোগান সমীকরণ-

P	$Q_1$	$Q_2$
2	60	30
3	40	40
4	20	60

তালিকায় লক্ষ্যণীয় যে 3 টাকা দামে চাহিদা ( $Q_1$ ) = যোগান ( $Q_2$ ) = 40 সুতরাং 3 টাকাই হলো ভারসাম্য দাম।

চাহিদা স্থির থেকে যোগানের পরিমাণ বৃদ্ধি করলে ভারসাম্য দাম প্রভাবিত হয়। নিচের চিত্রে বিষয়টি দেখানো হলো-



চিত্রে প্রাথমিক ভারসাম্য বিন্দু E. যেখানে  $Q_1 = Q_2$  তাই ভারসাম্য দাম  $P_1$ . চাহিদা স্থির থেকে যোগান বৃদ্ধি পেয়ে  $Q_2^1$  হলে নতুন ভারসাম্য বিন্দু F.  $Q_1 = Q_2^1$  শর্তে নতুন ভারসাম্য দাম  $P_2$ . লক্ষ্যণীয় যে, চাহিদা স্থির থেকে যোগান বৃদ্ধি পেলে ভারসাম্য দাম কমে যায়।

<p>দৃশ্যকল্প-১</p> <p>বিবাহ বার্ষিকী উপলক্ষে স্বামী তার স্ত্রীকে উপহার দেওয়ার সিদ্ধান্ত নিয়ে বাজারে যান। স্বামী অনেক দোকান ঘুরে কয়েকটা ব্র্যান্ডের মধ্য হতে দাম যাচাই করে স্ত্রীর জন্য একটি জামদানি শাড়ী কিনলেন।</p>	<p>দৃশ্যকল্প-২</p>
--	--------------------

২. (ক) বাজার কাকে বলে? ১
- (খ) একচেটিয়া বাজারে ফার্ম এবং শিল্প অভিন্ন কেন? ব্যাখ্যা করো। ২
- (গ) দৃশ্যকল্প-১ এ জামদানি শাড়ী'র বাজারটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- (ঘ) দৃশ্যকল্প-২ এ একটি ফার্ম ভারসাম্য অবস্থায় যে পরিস্থিতিতে আছে তা চিহ্নিতপূর্বক যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

২ ক. বাজার কাকে বলে?

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ ক.	১	জ্ঞান	১	বাজারের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:

উত্তর: অর্থনীতিতে বাজার বলতে কোনো বিশেষ স্থানকে বোঝায় না। ক্রেতা ও বিক্রেতার মধ্যে একটি দ্রব্য বা সেবা নিয়ে দরকষাকষির মাধ্যমে একটি নির্দিষ্ট দামে ক্রয়-বিক্রয় সংঘটিত হওয়াকে বাজার বলে।

২ খ. একচেটিয়া বাজারে ফার্ম এবং শিল্প অভিন্ন কেন? ব্যাখ্যা কর।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ খ.	২	অনুধাবন	২	ফার্ম / শিল্পের সংজ্ঞা দিয়ে একচেটিয়া বাজারে একটি মাত্র ফার্ম নিয়েই যে শিল্প গড়ে ওঠে তা ব্যাখ্যা করতে পারলে
		জ্ঞান	১	ফার্ম/ শিল্পের সংজ্ঞা দিতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:

একই পণ্য উৎপাদনকারী সকল ফার্মকে একত্রে শিল্প বলে। একচেটিয়া বাজারে পুরো শিল্পে একটি মাত্র ফার্ম থাকে। ঐ ফার্মই একমাত্র উৎপাদক যে শিল্পের উৎপাদন, দাম, সরবরাহ নিয়ন্ত্রণ করে। ফলে একচেটিয়া বাজারে ফার্মই শিল্পের ভূমিকা পালন করে এবং একটি মাত্র পণ্য উৎপাদন ও সরবরাহ করে। তাই বলা যায় একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন।

২গ. দৃশ্যকল্প-১ এ জামদানি শাড়ী'র বাজারটি কোন ধরনের? ব্যাখ্যা করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ গ.	৩	প্রয়োগ	৩	একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে
		অনুধাবন	২	একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার ব্যাখ্যা করতে পারলে
		জ্ঞান	১	একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

জামদানি শাড়ীর বাজারটি হচ্ছে একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার। একচেটিয়ামূলক প্রতিযোগিতা বাজারের বৈশিষ্ট্য হলো-পণ্যের বৈচিত্র্য (রং, ডিজাইন, গুণগতমান), বহু বিক্রেতা, প্রতিযোগিতা, ব্রান্ডভেদে দামের ভিন্নতা এবং দামের ভিন্নতায় ক্রেতার পছন্দ বাছাইয়ের সুযোগ। উদ্দীপকে দেখা যায় স্বামী অনেক দোকান ঘুরে দামের ভিন্নতা পণ্যের গুণগতমান, রং, ডিজাইনের পার্থক্যের ভিত্তিতে তুলনা ও যাচাই বাছাই করে জামদানী শাড়ী কিনেছেন। জামদানী শাড়ী ক্রয় প্রক্রিয়ার সাথে একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজারের মিল থাকায় জামদানী শাড়ীর বাজারকে একচেটিয়ামূলক প্রতিযোগিতা বাজার বলা যায়।

২ ঘ. দৃশ্যকল্প-২ এ একটি ফার্ম ভারসাম্য অবস্থায় যে পরিস্থিতিতে আছে তা চিহ্নিতপূর্বক যুক্তিসহ বিশ্লেষণ করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ ঘ.	৪	উচ্চতর দক্ষতা	৪	একচেটিয়া কারবারে স্বল্পকালীন ভারসাম্যের ক্ষতি অবস্থা ব্যাখ্যাপূর্বক চিত্রের ভিত্তিতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ করে ক্ষতি অবস্থা বিশ্লেষণ করে লিখতে পারলে
		প্রয়োগ	৩	একচেটিয়া কারবারে স্বল্পকালীন ভারসাম্যের ক্ষতি অবস্থা ব্যাখ্যাপূর্বক চিত্রের ভিত্তিতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ করতে পারলে
		অনুধাবন	২	একচেটিয়া কারবারে স্বল্পকালীন ভারসাম্যের ক্ষতি অবস্থা ব্যাখ্যা করতে পারলে
		জ্ঞান	১	একচেটিয়া কারবারে স্বল্পকালীন ভারসাম্যের ক্ষতি অবস্থা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তর:


দৃশ্যকল্প -২ - এ একচেটিয়া বাজারে ফার্ম ভারসাম্য অবস্থায় ক্ষতির মধ্যে আছে। একচেটিয়া বাজারে একজন মাত্র উৎপাদনকারী থাকে এবং উৎপাদিত পণ্যের কোনো নিকট বিকল্প থাকে না। একচেটিয়া কারবারে ফার্মের স্বল্পকালীন ভারসাম্যের শর্ত হলো-

১. প্রান্তিক আয় = প্রান্তিক ব্যয় (প্রয়োজনীয় শর্ত),

২. প্রান্তিক ব্যয় রেখা প্রান্তিক আয় রেখাকে নিচের দিক হতে ছেদ করে (পর্যাপ্ত শর্ত)।

উদ্দীপকে A হলো প্রান্তিক আয় রেখা, B হলো গড় আয় রেখা, C হলো গড় খরচ রেখা, D হলো প্রান্তিক খরচ রেখা।

চিত্রে f বিন্দুতে প্রান্তিক আয় ও প্রান্তিক ব্যয় সমান হয়েছে এবং প্রান্তিক ব্যয় রেখা প্রান্তিক আয় রেখা কে নিচের দিক থেকে ছেদ করেছে। ফলে ভারসাম্য দাম নির্ধারিত হয় op এবং ভারসাম্য পরিমাণ নির্ধারিত হয় oq।



আমরা জানি মোট আয় (TR)= ভারসাম্য দাম (P) বিক্রয়ের পরিমাণ (Q)

চিত্রে,  $TR = Op * Oq$

$$TR = Opeq$$

আবার, আমরা জানি মোট ব্যয় (TC) = গড় ব্যয় (AC) \* উৎপাদনের পরিমাণ (Q)

চিত্রে  $AC = qg$ ,

$$TC = qg * Oq$$

$$TC = ORgq$$

আমরা জানি, ক্ষতির পরিমাণ = মোট ব্যয় - মোট আয়

চিত্রে, ক্ষতির পরিমাণ =  $ORgq - Opeq = PegR$

## বিষয় অর্থনীতি: দ্বিতীয় পত্র (কোড নং- ১১০)

‘ক’ দেশের জনসংখ্যা ১০ কোটি। কোনো বছরে ঐ দেশে ২০ লক্ষ ২৫ হাজার শিশু জন্মগ্রহণ করে এবং ৪ লক্ষ ৫০ হাজার লোক মৃত্যুবরণ করে। শিশুরা অসুখ হলে চিকিৎসা পায় না, সবাই স্কুলে যেতে পারে না। এ দেশে জনগনের বেঁচে থাকার জন্য পর্যাপ্ত খাদ্যের যোগান না থাকলেও প্রতি বছর জনসংখ্যা বেড়েই চলেছে। এর ফলে দেশে বেকারের সংখ্যা বাড়ছে। অন্যদিকে ‘খ’ দেশে যে পরিমাণ সম্পদ ও কল কারখানা রয়েছে তা ব্যবহার করে প্রতিবছরই তাদের আয় বৃদ্ধি পাচ্ছে। ফলে পরিবারের সবাই প্রতিদিন সুস্বাদু খাবার খাচ্ছে এবং সকল শিশু ভালো স্কুলে পড়তে পারছে।

১. ক. আত্মকর্মসংস্থান কী? ১
- খ. শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়ন করে- ব্যাখ্যা করো। ২
- গ. উদ্ভিদপকের আলোকে ‘ক’ দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় করো। ৩
- ঘ. জনসংখ্যা তত্ত্বের আলোকে ‘ক’ ও ‘খ’ দেশের আর্থ- সামাজিক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

১ ক. আত্মকর্মসংস্থান কী?

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ ক.	১	জ্ঞান	১	আত্মকর্মসংস্থানের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:

স্বাধীনভাবে একজন কর্মক্ষম বা কর্মে ইচ্ছুক মানুষ বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত হওয়ার লক্ষ্যে স্ব-উদ্যোগে উৎপাদন বা আয় অর্জনের জন্য নিজের অর্থে বা ঋণের মাধ্যমে স্বল্প সম্পদের সাহায্যে নিজের জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে জীবিকা অর্জনের চেষ্টায় নিয়োজিত থাকাকে আত্মকর্মসংস্থান বলে।

১ খ. শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়ন করে- ব্যাখ্যা করো

**নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স**

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ খ.	২	অনুধাবন	২	শিক্ষা ও প্রশিক্ষণের সাথে মানবসম্পদ উন্নয়নের সম্পর্ক লিখতে পারলে
		জ্ঞান	১	শিক্ষা / প্রশিক্ষণের/ মানবসম্পদের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:

কোন প্রতিষ্ঠান হতে নিয়মিত পড়ালেখার মাধ্যমে আচার ব্যবহার, মূল্যবোধ, দেশপ্রেম সম্পর্কে জ্ঞান লাভ করার পাশাপাশি যুগোপযোগী বিষয়ে জ্ঞানার্জনের মাধ্যমে নিজেকে জীবিকা অর্জনের জন্য প্রস্তুত করাকেই শিক্ষা বলে। আর শিক্ষা গ্রহণের পর কোন একটি কর্মে নিয়োজিত হয়ে বা হওয়ার লক্ষ্যে ঐ কর্মের জন্য কার্যকরী বিশেষ জ্ঞানার্জন করাকে প্রশিক্ষণ বলে। মানব সম্পদ হচ্ছে শিক্ষিত ও সুস্বাস্থ্যের অধিকারী মূল্যবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত জনগোষ্ঠী। শিক্ষা ও প্রশিক্ষণ মানব সম্পদ উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কারণ একজন মানুষ কর্মে নিয়োজিত হলে তার আত্মসম্মান বৃদ্ধি পায়। সে নিজের পরিবারের ভরণপোষণের পাশাপাশি রাষ্ট্রের জন্যও কাজ করতে পারে। তাই বলা যায় শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়ন করে।

১ গ. উদ্দীপকের আলোকে ‘ক’ দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় করো।

**নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স**

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ গ.	৩	প্রয়োগ	৩	উদ্দীপকের তথ্যের আলোকে সূত্রের সাহায্যে জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় করতে পারলে
		অনুধাবন	২	জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয়ের সূত্র লিখে উদ্দীপকের তথ্যের আলোকে সঠিকভাবে মান বসাতে পারলে
		জ্ঞান	১	জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয়ের সূত্র লিখলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

‘ক’ দেশের জনসংখ্যা = ১০,০০,০০,০০০ বছরে শিশু জন্ম গ্রহণ করে = ২৫,৫০,০০০, বছরে লোক মৃত্যুবরণ করে = ৮,৫০,০০০

$$\text{স্থূল জন্মহার} = \frac{২৫,৫০,০০০}{১০,০০,০০,০০০} \times ১০০০ = ২৫.৫$$

$$\text{স্থূল মৃত্যুহার} = \frac{৮,৫০,০০০}{১০,০০,০০,০০০} \times ১০০০ = ৮.৫$$

$$\text{স্বাভাবিক বৃদ্ধির হার} = \frac{\text{স্থূল জন্মহার} - \text{স্থূল মৃত্যুহার}}{১০০০} \times ১০০$$

$$\text{স্বাভাবিক বৃদ্ধির হার} = \frac{২৫.৫ - ৮.৫}{১০০০} \times ১০০ = ২.১$$

অথবা,

$$\text{স্বাভাবিক বৃদ্ধির হার} = \frac{\text{জন্মসংখ্যা} - \text{মৃত্যুসংখ্যা}}{\text{মোট জনসংখ্যা}} \times ১০০$$

$$= \frac{২৫,৫০,০০০ - ৮,৫০,০০০}{১০,০০,০০,০০০} \times ১০০ = ২.১$$

‘ক’ দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার ২.১।

ঘ. উদ্দীপকে ‘ক’ ও ‘খ’ দেশের আর্থ- সামাজিক অবস্থা জনসংখ্যা তত্ত্বের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রূব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১ ঘ.	৪	উচ্চতর দক্ষতা	৪	ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব ও কাম্য জনসংখ্যা তত্ত্বের ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করে দু’টি দেশের আর্থ সামাজিক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করে লিখলে

		প্রয়োগ	৩	ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব / কাম্য জনসংখ্যা তত্ত্বের ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করে লিখলে
		অনুধাবন	২	ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব / কাম্য জনসংখ্যা তত্ত্বের ব্যাখ্যা লিখতে পারলে
		জ্ঞান	১	ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব / কাম্য জনসংখ্যা তত্ত্বের ধারণা লিখলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তর:

উদ্দীপকে ‘ক’ দেশের পরিস্থিতি পাঠ্য বইয়ের ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ। আর ‘খ’ দেশের পরিস্থিতি পাঠ্য বইয়ের কাম্য জনসংখ্যা তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ। ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব অনুযায়ী কোন দেশের জনসংখ্যা বৃদ্ধি পায় জ্যামিতিক হারে। জ্যামিতিক হার হচ্ছে ১,২,৪,৮,১৬,৩২ ... .. ইত্যাদি। অন্য দিকে খাদ্য বাড়ে গাণিতিক হারে। অন্য দিকে গাণিতিক হার হচ্ছে ১,২,৩,৪,৫,৬ ... .. ইত্যাদি। কাম্য জনসংখ্যা তত্ত্ব অনুযায়ী একটি দেশের জনসংখ্যার এমন একটি স্তরকে বোঝানো হয় যে স্তরে ঐ দেশের নির্দিষ্ট সম্পদ ও উৎপাদন ব্যবস্থা সাপেক্ষে জনগন সর্বোচ্চ মাথা পিছু আয় অর্জন করতে পারে। ‘ক’ দেশের পরিস্থিতি অনুযায়ী শিশুরা অসুখ হলে চিকিৎসা পায় না, সবাই স্কুলে যেতে পারে না। এ দেশে জনগনের বেঁচে থাকার জন্য পর্যাপ্ত খাদ্যের যোগান না থাকলেও প্রতি বছর জনসংখ্যা বেড়েই চলেছে। তাদের খাদ্যের তুলনায় জনসংখ্যা ক্রমাগত বেড়ে যাচ্ছে। এটি ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বের পরিস্থিতিকে নির্দেশ করে। ‘খ’ দেশে যে পরিমাণ সম্পদ ও কল কারখানা রয়েছে তা ব্যবহার করে প্রতিবছরই তাদের আয় বৃদ্ধি পাচ্ছে। ফলে পরিবারের সবাই প্রতিদিন সুস্বাদু খাবার খাচ্ছে এবং সকল শিশুরা ভালো স্কুলে পড়তে পারছে। এটি কাম্য জনসংখ্যা তত্ত্বের পরিস্থিতিকে নির্দেশ করে। ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব অনুযায়ী জনসংখ্যার হার দ্রুত বৃদ্ধি পেলে দেশ দ্রুত খাদ্য সংকটে পড়বে। ফলে দেশ দ্রুত বিবিধ সামাজিক ও রাজনৈতিক অস্থিতিশীলতার মুখোমুখি হবে। ‘ক’ দেশের অতিরিক্ত জনসংখ্যা যদি তারা নিবারণমূলক ব্যবস্থার মাধ্যমে নিয়ন্ত্রণ করতে না পারে তবে তাদের প্রাকৃতিক নিরোধের মুখোমুখি হতে হবে। অর্থাৎ চরম দারিদ্র্য, মহামারি, জটিল রোগ ইত্যাদি তাদের গ্রাস করবে। বন্যা, ঘূর্ণিঝড় বা ভূমিকম্পের মত প্রাকৃতিক অভিশাপের মুখোমুখি হয়ে জনসংখ্যা ধীরে ধীরে কমে আসবে। অন্যদিকে কাম্য জনসংখ্যার ‘খ’ দেশ, সেখানে কোন খাদ্য সংকট দেখা দিবে না। কারণ সেদেশে জনসংখ্যার জন্য যতটুকু খাদ্য দরকার তাদের দেশে ঠিক ততটুকু পরিমাণ খাদ্যই উৎপাদিত হয়। দু’টি তত্ত্বের মধ্যে ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বটি জনসংখ্যা পরিমাণগত দিক, বাস্তব জীবনে এর প্রভাব, প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনা, অতিরিক্ত জনসংখ্যা সমস্যা ইত্যাদি দিকের উপর এবং কাম্য জনসংখ্যা তত্ত্বটিতে জনসংখ্যার গুণগত দিক, অর্থনৈতিক কার্যক্রম, প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনা ছাড়াই জনাধিক্য হবে ইত্যাদি বিষয়ের উপর অত্যধিক গুরুত্ব দেওয়া হয়। ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বটি মূলত নৈরাশ্যের জন্ম দেয়। অন্যদিকে কাম্য জনসংখ্যা তত্ত্ব আশার সঞ্চার করে।



দৃশ্যকল্প - ১: আসিফ ও সাব্বির একদিন ঢাকা শহরে বেড়াতে এসে একটি বড় ফ্লাইওভার দেখতে গেলো।  
 আসিফ : সরকার একা এত বড় কাজ করলো কিভাবে?  
 সাব্বির : আরে না, সরকার একা করেনি তো। বেসরকারি প্রতিষ্ঠান ‘সততা গ্রুপ’ সাথে আছে।  
 আসিফ : তাহলে তো কাজটা খুব ভালো হয়েছে।

দৃশ্যকল্প - ২: জামাল সাহেব তার গ্রামের নিজ বাড়িতে, পরিবারের সকল সদস্য মিলে, বাঁশ ও বেতের দ্বারা পন্য উৎপাদন করে বিক্রি করেন। তার গ্রামের কবির সাহেব একটি স্বনামধন্য কারখানার মালিক। তার প্রতিষ্ঠানে ৫৫০ জন শ্রমিক কাজ করে এবং বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ৩০০ কোটি টাকা যার একটি বড় অংশ পুঁজিবাজার থেকে সংগৃহীত। দুজনই দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে গ্রামবাসী তাদের নিয়ে খুবই গর্বিত।

২. ক. রপ্তানিমুখী শিল্প কী? ১  
 খ. শিল্পোন্নয়ন কীভাবে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি করে? ২  
 গ. আসিফ ও সাব্বিরের কথোপকথনে পাঠ্যপুস্তকের কোন উদ্যোগের ধারণা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩  
 ঘ. উদ্দীপকে বর্ণিত জামাল সাহেব ও কবির সাহেবের শিল্প প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

২ ক. রপ্তানিমুখী শিল্প কী ?.

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ ক.	১	জ্ঞান	১	রপ্তানিমুখী শিল্পের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:

সম্পূর্ণ বিদেশী বাজারে রপ্তানীর উদ্দেশ্যে দেশে যে শিল্প প্রতিষ্ঠান গড়ে ওঠে তাকে রপ্তানীমুখী শিল্প বলে।

২ খ. শিল্পোন্নয়ন কীভাবে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি করে?

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ খ.	২	অনুধাবন	২	শিল্পোন্নয়নের সাথে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির সম্পর্ক ব্যাখ্যা করে লিখতে পারলে
		জ্ঞান	১	শিল্পায়নের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:

শিল্পোন্নয়ন হচ্ছে দেশে কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পের প্রসার। দেশের মানুষের জন্য আন্তর্জাতিক বাজারে পণ্যের চাহিদা মেটানোর লক্ষ্যে কোন দেশের শিল্পোন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কৃষিখাত দেশে খাদ্যের যোগান দেয়। কৃষি খাতে উন্নয়নের জন্য সরকার বিভিন্ন রকম কৃষি উপকরণ, আধুনিক যন্ত্রপাতি রাসায়নিক সার ইত্যাদির যোগান দেয়। আর এই

প্রয়োজনীয় উপকরণগুলো যোগান দেয় দেশে গড়ে ওঠা কৃষি উপকরণ উৎপাদনকারী বিভিন্ন শিল্প। তাছাড়া কৃষিপন্য কে কাঁচামাল হিসাবে ব্যবহার করে বিভিন্ন খাদ্য শিল্প গড়ে ওঠে। যেমন চিপস, জুস, বেকারি পন্যও অন্যান্য প্যাকেটজাত হিমায়িত খাদ্য দ্রব্য। তাই বলা যায় শিল্পোন্নয়ন হলে দেশে কৃষির পশ্চাত্মুখী সংযোগ শিল্প এবং সম্মুখ সংযোগ শিল্প উভয়ই গড়ে ওঠে।

১ গ. আসিফ ও সাকিবররের কথোপকথনে পাঠ্যপুস্তকের কোন উদ্যোগের ধারণা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ গ.	৩	প্রয়োগ	৩	সরকারি বেসরকারি অংশীদারিত্ব ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে
		অনুধাবন	২	সরকারি বেসরকারি অংশীদারিত্বের ব্যাখ্যা করতে পারলে
		জ্ঞান	১	সরকারি বেসরকারি অংশীদারিত্ব লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

২ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

সাকিবর ফ্লাইওভার গড়ে ওঠার পদ্ধতি হিসাবে যে উদ্যোগের কথা বোঝাতে চেয়েছে তা হলো সরকারি বেসরকারি অংশীদারিত্ব বা (Public Private Partnership) কারণ উদ্দীপকে সরকার ‘সততা ইন্টারন্যাশনাল’ নামে একটি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে ফ্লাইওভার নির্মাণ করেছে। সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বা যৌথ মালিকানায় কোন অর্থনৈতিক কর্মকাণ্ড বা উৎপাদন প্রতিষ্ঠান স্থাপিত, পরিচালিত, সম্প্রসারণ, রক্ষণাবেক্ষণ এবং উক্ত প্রতিষ্ঠান হতে আয় প্রবাহ নিশ্চিতকরণের কার্যক্রমকে সরকারি বেসরকারি অংশীদারিত্ব বা (Public Private Partnership) বলে। সরকারি বেসরকারি অংশীদারিত্ব বাংলাদেশের জন্য একটি কার্যকর পদ্ধতি। কারণ এধরনের বৃহৎ নির্মাণের জন্য একদিকে সরকার প্রকৌশলগত সামর্থ্য অন্যদিকে সরকার ব্যবস্থাপনাগত দক্ষতা এবং বৃহৎ পুঁজি। সরকারি বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে সরকার সাধারণত পুঁজি সরবরাহ করে অন্যদিকে বেসরকারি প্রতিষ্ঠানগুলো প্রকৌশল ও ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত থাকে। এধরনের উদ্যোগে ভৌত অবকাঠামো যেমন-যোগাযোগ, যাতায়াত, বিদ্যুৎ ও জ্বালানী খাতে ব্যাপক ও স্থায়ী উন্নয়ন সম্ভব হয়। শিক্ষা, স্বাস্থ্য, ব্যাংক ও বীমার মত বিভিন্ন সেবা খাত বিকশিত হয়। এধরনের উদ্যোগে স্বচ্ছতাও জবাবদিহিতা নিশ্চিত হয় এবং প্রকল্পব্যয় ন্যূনতম থাকে।

২ঘ. উদ্দীপকে বর্ণিত জামাল সাহেব ও কবির সাহেবের শিল্প প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য তুলনামূলক বিশ্লেষণ করো।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	দক্ষতা স্তর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
২ ঘ.	৪	উচ্চতর দক্ষতা	৪	কুটির শিল্প ও বৃহৎ শিল্পের ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করে শিল্প দুটির প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য তুলনামূলক বিশ্লেষণ পারলে
		প্রয়োগ	৩	কুটির শিল্প / বৃহৎ শিল্পের ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে
		অনুধাবন	২	কুটির শিল্প / বৃহৎ শিল্পের ব্যাখ্যা লিখতে পারলে
		জ্ঞান	১	কুটির শিল্প / বৃহৎ শিল্পের ধারণা লিখতে পারলে
			০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

## ২ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তর:

উদ্দীপকে জামাল সাহেবের শিল্পটি কুটির শিল্প। কবির সাহেবের শিল্পটি একটি বৃহৎ শিল্প। যে শিল্পে মূলধনের পরিমাণ কম এবং পরিবারের সদস্য নিয়ে মোট সদস্য সংখ্যা ১০ জনের অধিক নয় তাকে কুটির শিল্প বলে। অন্যদিকে যে শিল্পে বিপুল পরিমাণ মূলধন এবং বিপুল সংখ্যক শ্রমিক, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন পরিচালনা করে তাকে বৃহৎ শিল্প বলে। উদ্দীপকে লক্ষণীয় যে জামাল সাহেবের প্রতিষ্ঠানটি গ্রামীণ পরিবেশে স্থানীয় কাঁচামাল ব্যবহার করে পরিবারের সদস্যদের নিয়ে উৎপাদন কাজ পরিচালনা করেন, যা কুটির শিল্পের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। অপরদিকে, কবির সাহেব পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহ করে, ৫৫০ জন শ্রমিক নিয়োগ করে ও ৩০০ কোটি টাকা বিনিয়োগ করে উৎপাদন কাজ পরিচালনা করছেন যা বৃহৎ শিল্পের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। জামাল সাহেব ও কবির সাহেবের প্রতিষ্ঠান দুটিকে বিশ্লেষণ করলে নিম্নলিখিত পার্থক্যগুলো পাওয়া যায়।

	তুলনার ধরণ	জামাল সাহেবের প্রতিষ্ঠান	কবির সাহেবের প্রতিষ্ঠান
১.	পুঁজি	পুঁজি কম।	পুঁজি বেশী।
